LIFE

K. P. Vidyaratna, ***Bhatpara***

শ্রীকৃষ্ণপদ বিদ্যারত্ন

ভাটপাড়া

আষাঢ়—১৩৪৩ সাল, ইং ১৯৩৬—জুলাই

দক্ষিণা—প্রীতি

প্রকাশক—
শ্রীশৈলজাকুমার ভট্টাচার্য্য
৪৮ বি, কৈলাস বোস ষ্ট্রীট, কলিকাতা

দৃষ্টিদোষেণ বুদ্ধ্যা মুদ্রাকরস্য বা।
মুদ্রাদোষা ভবেয়ুশ্চেৎ ক্ষমণীয়াঃ স্বপাঠকৈঃ

প্রিণ্টার—শ্রীসমরেন্দ্রভূষণ মল্লিক
বাণী প্রেস
১৬, হেমেন্দ্র সেন ষ্ট্রীট, কলিকাতা।

জীবনের মুদ্রণ বিষয়ে অতি প্রযত্নশীল বাণী প্রেসের সত্ত্বাধিকারী ৺জগন্মাতৃভক্ত সদ্ভ্রাতুষ্পুত্র শ্রীমান্ জমিদার ললিত বাবুকে আমার আন্তরিক আশীর্ব্বাদ।

উৎসর্গ

যা দেবী সর্ব্বভূতেষু চেতনেত্যভিধীয়তে ।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমোনমঃ ॥

জীবের জীবন যিনি অচেতন ও চেতন ।
ভক্তিভরে নমি তাঁরে সমর্পিণু এ **'জীবন'** ।

প্রণতস্য ভক্তস্য

শ্রীকৃষ্ণপদ বিদ্যারত্ন

PREFACE

I have been asked by the esteemed author of this book to write a preface for it, and I comply with his request with exceeding pleasure.

Pandit Krishnapada Bhattacharyya, Vidyaratna, is widely known and widely respected for his profound and searching scholarship, his deep and genuine piety, and the universal benevolence of his nature. He has written many books in verse and prose--dealing generally with the ordinary topics of Sanskrit Scholarship. But in the present brochure he has chalked out a new line of enquiry for himself—he has busied himself with the tremendous problem of the origin of life. The thesis that he lays down is both simple and comprehensive--it is that the Sun is the source and origin of all the light, life and movement that we notice in the world---of all that play and interplay of forces which constitutes the baffling mystery of life; and he seeks to support this thesis by laying under contribution all the Science and Philosophy of the East and the West.

A bold and daring line of speculation like this is bound to prove disturbing to the self-complacence of many; it is bound to provoke keen and searching if not hostile criticism. But after all it is a fascinating world of enquiry to which the author has introduced us: and he deserves our gratitude for the courage with which he

has embarked upon this line of thought and the competent skill with which he has steered his way through it.

The translation, originally done by the author himself, has been revised by me almost right through, and in that way I claim a faint and humble connection with the work.

216, Cornwallis Street,
CALCUTTA,
30th June, 1936

Jitendralal Bannerjee.

AUTHOR'S FOREWARD

I am deeply grateful to my friend, Professor J. L. Bannerjee, M.A., B.L., M.L.C., for his kindly doing the needful for this work and for writing the preface.

May I add here that it is my desire to present to my learned friends within a short time four other books which I have written ? The first deals with the phenomenon of Earthquakes, in Bengali with English version ; the second is a short life-sketch of His late Majesty King George V, in Sanskrit and in English ; the third deals with the life of our present Emperor, Edward VIII, in Sanskrit with English translation ; and the fourth is a treatise on Hindu Law in Sanskrit. The last treatise on Hindu Law is the Smriti of Raghunandana which was written about 500 years ago. My book which is a sketch on the same subject is based on the ancient Sastras suited to the modern age.

K. P. V.

জীবন

১

রাত্রিতে আমার ভাল নিদ্রা হয় না। আমার মত অবস্থা অপরের হইলে সুনিদ্রার জন্য হয়ত তিনি কবিরাজী তৈল বা অপর কোন ভাল ঔষধ ব্যবহার করিতেন। আমি কিন্তু ইহাতে পরম আনন্দিত। ভগবান্ আমাদিগকে কাজ করিবার জন্য সৃষ্টি করিয়াছেন, ভাগ্যক্রমে নিদ্রা না হইলে সেই কাজ করিবার অনেক সময় পাইতে পারি। আমি এক্ষণে জীবনের সন্ধ্যায় উপস্থিত, শীঘ্রই আমাকে এইবার এ সংসার ত্যাগ করিতে হবে। আমি অতিশয় দুঃখিত যে মানুষ হইয়া কোন বিশেষ ভাল কাজ করিয়া যাইতে পারিলাম না। সর্ব্বদা ইহাই ভাবি—এই চিন্তাতেই আমার রাত্রিতে ভাল ঘুম হয় না।

আজকাল কয়েক বৎসর আমি যে ভাবে জীবন যাপন করিতেছি, সে ভাবে থাকিলে দীর্ঘজীবন অসম্ভব নহে। মানুষ যদি আহার বিহারাদিতে সংযত হইয়া এক নিয়মে স্বধর্ম্ম-পথে থাকিতে পারে, তাহা হইলে তাহার ভীষ্মের ন্যায় ইচ্ছামৃত্যু হইতে পারে। রাত্রি ১০ দশটা হইতে প্রায় তিন

ঘণ্টা কাল আমি এ বিষয়ে চিন্তা করিতে লাগিলাম, এবং শক্তিলাভের জন্য কাতরভাবে মহাশক্তি মহামায়ার শরণাপন্ন হইলাম। কয়েক দিন পরে হঠাৎ একদিন রাত্রি একটার সময়ে উদ্বুদ্ধ হইলাম। ইন্দ্রিয়-জয়পূর্ব্বক সুস্থশরীরে সংযতভাবে স্বধর্ম্ম-পালনে প্রবৃত্ত থাকিলে নিজের ইচ্ছামৃত্যু অসম্ভব নহে। তবে ইন্দ্রিয়ের দাস অসংযত আত্মীয়স্বজনের যথাকালে মৃত্যু কিরূপে নিবারণ করিতে পারিব? আমি সংসারী মায়ামোহে আবদ্ধ, স্বজন-বিযুক্ত হইয়া দীর্ঘজীবন-ধারণ করা অতি ক্লেশকর। এ অবস্থায় আমার শীঘ্র-মৃত্যুই বাঞ্ছনীয়। যখন আমার শীঘ্র মৃত্যু শ্রেয়ঃ মনে হইল, তখন ভাবিলাম, "হায়! এতকাল আমি বৃথা কাল-যাপন করিয়াছি,—এরূপ কোন কাজ করি নাই যাহা দ্বারা আমি মরণের পরেও বাঁচিয়া থাকিতে পারি। গভীর রাত্রিতে প্রতিদিন এই বিষয় চিন্তা করি, এবং কাতরভাবে মহাশক্তির শরণাপন্ন হই। তখন মনে হইল যে ভাল কাজ করিলে মানুষ মরিয়াও অমর হইতে পারে। বাল্মীকি, বেদব্যাস, কালিদাস, ভবভূতি প্রভৃতি প্রাচ্য ও সেক্‌স্‌পিয়ার মিল্‌টন্ প্রভৃতি প্রতীচ্য কবিগণ মরিয়াও অমর হইয়াছেন, সত্য। কিন্তু কীর্ত্তিশরীরে তাঁহারা অমরত্ব লাভ করিলেও মাধ্যাকর্ষণ-শক্তির আবিষ্কারক নিউটন প্রভৃতি বৈজ্ঞানিকগণের ন্যায় কি চির-জীবিত হইতে পারিবেন? ঐহিক সুখলিপ্সু অধার্ম্মিক বলোপজীবী গুণ্ডাগণের প্রাধান্য হইলে ধর্ম্মচর্চ্চার সঙ্গে সঙ্গে দেশ হইতে জ্ঞান-চর্চ্চার লোপ হইবে। এইরূপ ভাব যদি দেশে সহস্রবর্ষ বা আরও অধিককাল থাকে, তাহা হইলে দেশ হইতে বাল্মীকি প্রভৃতি

মহাকবিদের নামও বরং ক্রমে লোপ পাইতে পারে, কিন্তু নবতত্ত্বাবিষ্কারক বৈজ্ঞানিক নিউটন প্রভৃতির নাম একেবারে লুপ্ত হইবে না আমার বিশ্বাস। তাই এরূপ কাজ আমাকে করিতে হইবে যাহাতে আমার নাম কিছুদিন থাকিতে পারে। কি কাজ করিলে হয়? আবার কয়েকদিন কাতরভাবে মহা-শক্তিকে স্মরণ করিতে করিতে একদিন কোনও নূতন বিষয়ের গবেষণা করিতে উদ্বুদ্ধ হইলাম। তখন মনে হইল যে আমি ত কখনই বিজ্ঞানের বিশেষ চর্চ্চা করি নাই, তবে আমি কিরূপে কি বিষয়ের গবেষণা করিতে পারি? মহাজ্ঞানী বৈজ্ঞানিক-প্রবর বঙ্গের সুসন্তান শ্রীযুক্ত স্যার জে, সি বসুও "তমসা-বহুরূপেণ বেষ্টিতাঃ কর্ম্মহেতুনা অন্তঃসজ্ঞা ভবন্ত্যেতে সুখ-দুঃখ-সমন্বিতাঃ।" (১ম অধ্যায়) মনুর এই মৌলিকভাব অবলম্বনে পাশ্চাত্য-বিদ্যায় নূতন গবেষণা করিয়া স্বনামধন্য হইয়াছেন।

যাহা হউক আমিত আবাল্য পাশ্চাত্য বিজ্ঞান বিষয়ে আকাটগণ্ড, আমার এক্ষণে উপায় কি? আবার কাতরভাবে সাশ্রুনয়নে ৺জগন্মাতাকে ডাকিতে লাগিলাম, হঠাৎ 'জীবন'-বিষয়ে চিন্তা করিতে উদ্বুদ্ধ হইলাম। তখন মনে হইল গণের গবেষণা লোকে হয়ত আদর করিতেও পারেন। তাই আমি সেই রাত্রি হইতে ঘোর নিশীথে আন্তরিকতার সহিত তাঁহার ধ্যান করিয়া ভাবিতে লাগিলাম। যেদিন যাহা তিনি মনে উদ্বোধন করিতেন আমি তাহাই লিখিয়া রাখিতাম। আজ সেই লেখাগুলি একত্র করিয়া আমার সম্মান ও স্নেহভাজন বিদ্বান্ বন্ধুদিগের নিকটে উপস্থাপিত করিতেছি, আশা করি,

তাঁহারা সকলেই নিজগুণে কৃপা-প্রদর্শনে এ গ্রন্থের দোষ মার্জ্জনা করিবেন।

২

জীবন কি? ইহা এপর্য্যন্ত সম্পূর্ণরূপে স্থিরীকৃত হয় নাই। বেদ, উপনিষদ, পুরাণ, দর্শন, কোরাণ, বাইবেল প্রভৃতি অনেক ধর্ম্মপুস্তকে অনেকেই অনেক কথা বলিয়াছেন, কেহই অদ্যাবধি ইহার সূক্ষ্মতত্ত্ব স্থির করিতে পারেন নাই। আমি এ বিষয়ে উদ্বুদ্ধ হইলাম,—যেটী সর্ব্বময় সকলশক্তির সার, বহ্নি, বিদ্যুৎ, জল, গতি, তরঙ্গ প্রভৃতি সকল পদার্থের একমাত্র কারণ, পরিদৃশ্যমান ব্যোমব্যাপী সর্ব্ববস্তুপ্রকাশক সাঙ্গ সৌরতেজই এই সৌরজগতে ব্যষ্টিভাবে জীবাত্মা বা জীবন এবং সমষ্টিভাবে পরমাত্মার স্বরূপ। এই পৃথিবীতে সকল জীবই ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চ মহাভূতের সূক্ষ্ম উপাদানময় বা তন্মাত্রময়। এই দেহ পঞ্চভূতের বিকার এবং তেজটী পঞ্চভূতের মধ্যে অন্যতম পদার্থ। সেই ব্যোমব্যাপী বহ্নি, বিদ্যুৎ গতি, তরঙ্গ সকল শক্তির একমাত্র কারণ, সৌরতেজই জীবন। অনেকেই বলেন যে জীব মরিলে ব্যষ্টি পঞ্চভূতময় দেহ পঞ্চমহাভূতে লীন হয়। পৃথিবী হইতে বহু লক্ষ যোজন দূরে অনন্তব্যোমে সূর্য্য বিরাজমান, তথাপি তাঁহার তেজে জীবগণ জীবনধারণ করিতেছে। এই পঞ্চভূত পরস্পর পরস্পরকে সর্ব্বদা সাহায্য করে। জীবদেহের মধ্যে বা বাহিরে যেখানেই

ব্যোম বিদ্যমান, সে স্থানেই ব্যক্ত বা অব্যক্ত ভাবে তেজ আছে। সেই তেজ সূর্য্যের তেজ ভিন্ন অন্য কিছু নহে। সকল তেজই সৌরতেজের অংশ।

আদিকালে সৃষ্টির প্রারম্ভে আকাশ নীহারিকা-তমোময় ছিল। ঋগ্বেদে আছে 'ততো রাত্র্যজায়ত (ঋগবেদ-সন্ধ্যাপদ্ধতি) মনুতেও আছে "আসীদিদং তমোভূতমপ্রজ্ঞাতমলক্ষণম্ অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং প্রসুপ্তমিব সর্ব্বতঃ"। (১ম, অঃ) পাশ্চাত্য বৈজ্ঞানিক পণ্ডিত-দিগেরও এই মত। Book of knowledge (Voll I and II, Page 322 edited by Mr. A, Mee and others) এ লিখিত আছে, যে প্রথমে কিরূপে পৃথিবী সৃষ্ট হইল।

"There is another curious fact, and this is that the kind of stuff the sun is made of is the same as the kind of stuff that the various planets are made of. It almost looks—does it not ? as if our little earth and all the planets were once a part of the sun. The sun is made of the same stuff as the earth. The sun and all his planets were once one. Indeed, we believe that in the first stage the solar system was nothing else than a nebula like one of the very smallest of the thousands of nebulae that we now see in the sky.

ভাবার্থ—ইহা আশ্চর্য্যের বিষয় যে সূর্য্য যে উপাদান হইতে সৃষ্ট, সকল গ্রহই সেই উপাদান হইতে সৃষ্ট হয়েছে। আমাদের এই ক্ষুদ্র পৃথিবী ও অন্যান্য গ্রহগণ প্রথমে সূর্য্যেরই এক

অংশ ছিল। এই সৌরজগৎ প্রথমে নীহারিকা-তমোময় ভিন্ন আর কিছুই ছিল না।

ছান্দোগ্য উপনিষদে ৬ষ্ঠ অধ্যায় ২য় খণ্ডে আছে "তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয় ইতি তত্তেজোঽসৃজত। তত্তেজ ঐক্ষত বহু স্যাং প্রজায়েয় ইতি তদপোঽসৃজত।" পরম ব্রহ্মের বহুরূপ ধরিতে ইচ্ছা হইলে তেজ উৎপন্ন হইল, পরে তেজ হইতে জল হইল। সেই নীহারিকাময় আকাশে পরব্রহ্মের ইচ্ছায় তৈজস পরমাণু হইতে তেজোময় সূর্য্য আবির্ভূত হইলেন। প্রতীচ্য বিজ্ঞান মতে সেই সূর্য্য হইতে অন্যান্য অনেক গ্রহ ও পৃথিবী উৎপন্ন হইয়াছিল এবং পৃথিবী হইতেই চন্দ্র আবির্ভূত। প্রকাণ্ড সূর্য্য স্বতেজে অনবরত বিঘূর্ণিত হইতে থাকিলে বায়ু আবির্ভূত হইল, উহা চারিদিকে প্রবল বেগে প্রবাহিত হইয়া পৃথিবীকে ব্যাপিয়া ফেলিলে পৃথিবী বায়ুময় হইল।

তরল পৃথিবীর উপরিভাগ বায়ুর শক্তিতে কঠিন হইয়া গেল, এবং সৌরতেজে নীহারিকাগুলি জলে পরিণত হইলে পৃথিবীর অধিকাংশস্থান জলে পরিপূর্ণ হইল। অভ্যন্তর ভাগ পূর্ব্ববৎ তরল ও উষ্ণ রহিল। উহাই (ঐ ভাগই) আগ্নেয়গিরি ও উষ্ণপ্রস্রবণরূপে মধ্যে মধ্যে পৃথিবী হইতে বাহির হইতে থাকিল। পৃথিবীর আবির্ভাবের সমকাল হইতেই সূর্য্যতেজ হইতে বিদ্যুতের সূক্ষ্ম কারণ ইলেকট্রন্ বাহির হইয়া পৃথিবী ও তৎসন্নিহিত ব্যোমতল অব্যক্তভাবে ব্যাপিয়া রহিল। এককথায় বলিতে গেলে এই সৌরজগতে যাহা আমরা দেখিতেছি, যে সকল বস্তু উপভোগ করিতেছি, যেরূপে চৈতন্য লাভ করিয়া

সুস্থ ও সবল হইয়া আছি, সূর্য্যই সেই সকলের মুখ্য ও গৌণরূপে একমাত্র কারণ। তবে ব্যোম সূর্য্য হইতে হয় নাই। উহা আদিকাল হতে বরাবর আছে। সূর্য্য আবির্ভাবের পূর্ব্বে আবির্ভূত বস্তুসকলের কারণ পরমাণু-সমষ্টিময়-তমোরূপে ছিল, প্রলয়ের পরে ও সেইভাবেই থাকিবে। উহা আপাততঃ বাহ্য দৃষ্টিতে শূন্য হইলেও তেজঃ প্রভৃতি সকলের আধার। আধার ভিন্ন আধেয় সূর্য্যাদি থাকিতে পারিত না। তাই বিশ্ব ব্রহ্মাণ্ড ব্যাপী বিশাল (যাহা অপেক্ষা বৃহৎ আর দ্বিতীয় নাই) ব্যোমই নিরাকার ব্রহ্মের প্রতিরূপ। ঐ ব্যোমের মধ্যে অব্যক্ত আভ্যন্তরীণ তেজ অংশই সূর্য্যরূপে প্রকাশিত।

আমরা পরম ব্রহ্ম বা পরমেশ্বরকে দেখিতে পাই না, তাঁহাকে অনন্তজ্ঞানময় ও তেজোময় বলিয়া জানি ও গায়ত্রী-দ্বারা তাঁহার উপাসনা করি। উপাসকদিগের পরিতৃপ্তির জন্য সেই ব্রহ্মই তেজোময় সূর্য্যরূপে আবির্ভূত। তাই গায়ত্রীর অর্থ ব্রহ্ম ও সূর্য্যে সমান-ভাবে প্রযুক্ত হয়। এই ব্যোমে আদিকাল হইতে পার্থিব সকল বস্তুর কারণ পরমাণু আছে। তাই উহাতে প্রাদুর্ভূত সূর্য্যাদি-গ্রহাদিতে ও সেই সকল পরমাণু বিদ্যমান, ইহা আমরা অনুমান করিতে পারি। তাই সূর্য্য হইতে আবির্ভূত পৃথিবী ও উল্কাপিণ্ডে সেই সকল বস্তুর উপাদান (stuff) আমরা প্রায়ই প্রত্যক্ষ করিয়া থাকি।

এই সৌরজগতে ব্যোমতলে স্বতেজের শক্তিতে অবিরত বিঘূর্ণিত ভাস্কর হইতে পরি-দৃশ্যমান পৃথিবী, জল, তেজ (বহ্নি, বিদ্যুৎ) প্রভৃতি প্রায় সকল পদার্থই প্রাদুর্ভূত

হইয়াছে। এক ভাস্করের সহিত গৌণ ও মুখ্যভাবে সকল পদার্থ সংস্পৃষ্ট আছে বলিয়া প্রতিমহাভূতেই প্রত্যেকের কিছু কিছু ধর্ম্ম বিদ্যমান। বেদান্ত-দর্শনের পঞ্চীকরণটী (combenat!on of the five elements in certain definite proportion) ভাল করিয়া বুঝিতে পারিলে এ সকল বিষয়ও মনে স্পষ্টরূপে প্রতিভাত হইতে পারিবে। পূর্ব্বেই উক্ত হইয়াছে যে বিঘূর্ণিত সূর্য্যমণ্ডল হইতে বিদ্যুতের আদি কারণ ইলেক্‌ট্রন্ বা বিদ্যুতের সূক্ষ্ম উপাদান সর্ব্বদা বাহির হইয়া ব্যোমতলে বায়ুমণ্ডলে অব্যক্ত ভাবে বিরাজমান আছে। প্রতীচ্য শিক্ষিতাগ্রণী শ্রীযুক্ত আর্থার্ মী সাহেব প্রভৃতি পণ্ডিতগণ নিজ সম্পাদিত পুস্তকে এ সম্বন্ধে লিখিয়াছেন,—

"The hot matter that makes up the sun is in ceaseless violent movement giving out electrons. On all sides without end, the sun is pouring out not only heat and light, but also these tiny particles which rush through space, and prcbably account for some of things which happen in the solar system.. .We already know that there are no compounds in the sun and why that is so.

When we study the light of the sun, we are able to find out what elements it mainly contains, or at any rate what elements are contained in its outer parts. The corona of the sun seems to consist mainly of hydrogen. Nearer the body of the sun, we find proof of the existence

of the gases or vapours of many elements which we know well and which can be found in our own bodies—hydrogen, lime, magnesium (which gives such a bright light when it is burnt), sodium, and iron ; and besides iron a large number of other metals well-known on the earth.

(The marvel of the sun's great power in all our daily lives).

We know that he is what he has been since life first appeared on earth, and what he must continue to be so long as life remains on earth, —the great source of the power which, mainly in the form of light and heat, and also in other ways which we are only beginning to understand, sustains all life, makes the rain and the rivers, gives every visible part of the earth its light and colour snd beauty, supplies the food of the green plants upon which we feed, and so works in our muscles every time we move, in the eyes which see the beauty of the earth and of the sun itself, and in the brains by means of which we try to learn how all these things came to be." (Book of Knowlege VII & VIII Vols.) "We could not live without the sun and we cannot know too much about it."

(I-II Vol.s)

ভাবার্থ,—(সর্ব্বদা সূর্য্য হইতে বিদ্যুতের উপাদান ইলেক্-

ট্রণের উৎপত্তি ও আমাদিগের জীবন-ধারণে সূর্য্যের আশ্চর্য্য শক্তি)। সূর্য্য হইতে উত্তাপ, তেজ ও আলোকের সহিত বিদ্যুতের উপাদান ইলেক্ট্রণ সর্ব্বদা বাহির হইতেছে। সূর্য্যের বহির্ভাগে হাইড্রোজেন্ আছে, আর অন্যান্য অংশেও আমাদের দেহের অনুরূপ প্রয়োজনীয় হাইড্রোজেন, ম্যাগ্নেসিয়া, লৌহ প্রভৃতি ধাতুর গ্যাস ও অন্যান্য বিবিধ-প্রয়োজনীয়-বস্তুর গ্যাস বাষ্পাদি আছে। সূর্য্যই পৃথিবীর আলোক ও উত্তাপের কারণ এবং ইহাই জীবন-ধারক জল, রং, সৌন্দর্য্য ও আমাদিগের খাদ্য বৃক্ষ-লতাদির পরিপোষক গ্যাস উৎপাদন করিতেছে। সূর্য্যই আমাদের জ্ঞানলাভ, দৃষ্টিশক্তি ও মস্তিষ্কের একমাত্র কারণ। এই সৌর জগতে আত্মোৎপন্ন বিদ্যুৎ-শক্তির সাহায্যে সূর্য্য প্রায় সকল কার্য্যই গৌণ ও মুখ্যভাবে করিতেছেন।

এই সৌরজগতে সূর্য্যের তেজঃ সমুদয় আকাশে ব্যক্ত ও অব্যক্ত ভাবে পরিব্যাপ্ত আছে। দেহমধ্যস্থিত আকাশেও যে আছে তাহা বলা বাহুল্য। সেই দেহমধ্যস্থিত সাঙ্গ সৌরতেজই জীবগণের জীবন। সৃষ্টির পূর্ব্বে সদসৎ-রূপে বর্ণিত সকলের আদি ও আধার নীহারিকাতমোময় তমোগুণপ্রধান নিরাকার ব্যোমই ব্রহ্মের স্বরূপ উক্ত হইয়াছে। বেদে আছে তদৈক্ষত একোঽহং বহুঃস্যাম্। ব্রহ্মের ইচ্ছানুসারে সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন গুণ আবির্ভূত হইল। তেজঃ প্রকাশময় সত্ত্ব; মরুৎ,—পদার্থ-সঞ্চালক কার্য্যময়,—রজঃ, ব্যোম,—ব্যক্ত-অব্যক্ত সকল বস্তুর আদি ও লয়ের স্থান,—তমঃ।

ব্যোম তমোগুণময়, অপর দুইটী গুণও আদিকাল হতে ব্যোমের নিকটে বরাবর ছিল, এখনও আছে,—প্রলয়ের পরেও থাকিবে। ব্রহ্মের ন্যায় ইহার অস্তিত্ব বেদাদি-শাস্ত্রেও প্রমাণিত। "সদেব সৌম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়ম্" "আসীদিদং তমো ভূতম্" (মনু)। ইহা ব্যোম ও ব্রহ্মে লক্ষিত।

পরম ব্রহ্ম সৃষ্টির অভিপ্রায়ে সত্ত্বগুণময় তেজোরূপে সমুদয় দৃশ্যমান পার্থিব পদার্থের কারণ **সূর্য্য-নামে স্বয়ং আবির্ভূত হইলেন**। মরুৎ বরাবর তাঁহার সন্নিধানে অব্যক্তভাবে ছিল, সূর্য্য প্রকাশিত হইলেই মরুতের শক্তি ব্যক্ত হইল। তখন সূর্য্য প্রবল মরুতের বলে স্বতেজে সর্ব্বদা ঘূর্ণিত হইলে পৃথিবী প্রভৃতি অনেক গ্রহ সূর্য্য হইতে আবির্ভূত হইল। সেই সময়ে ইলেক্ট্রন্ও বাহির হইতে থাকিল। অসীম সৌরতেজে নীহারিকাগুলি জলরাশি রূপে পরিণত হইল। ইহাতে প্রমাণিত হইল যে তেজঃ, মরুৎ ও ব্যোম এই তিনটী মৌলিক পদার্থ। ক্ষিতি ও অপ্ (পৃথিবী ও জল) তেজ ও মরুৎ হইতে ক্রমে আবির্ভূত। সুতরাং এই দুই পদার্থ বা ভূত মহাভূত-রূপে পরিণত হইলেও, তেজঃ মরুতের অন্তর্গত,—সত্ত্বাদি ত্রিগুণের মধ্যবর্ত্তী পৃথক বস্তু নহে। পৃথিবীতে সমুদয় জীব এই পঞ্চভূতময়, এই ত্রিগুণ হইতেই সৃষ্ট হইয়াছে। বৈদ্য শাস্ত্রে আছে সজীব-দেহ মাত্রই পিত্ত, বাত ও শ্লেষ্মার আধার। অব্যক্ত সত্ত্ব, রজঃ, তমোগুণের বা তেজঃ (ও তজ্জনিত ক্ষিতি ও অপ্), মরুৎ, ব্যোমাদি মহাভূতের পিত্ত, বায়ু, শ্লেষ্মাই স্থূল বা ব্যক্ত পরিণাম।

জীবগণ তেজঃ, মরুৎ প্রভৃতির আশ্রয় হওয়াতে ক্ষিতি ও অপেরও আশ্রয় বা বিকার, তাহা বলা বাহুল্য।

এক্ষণে সন্দেহ হইতে পারে, যখন ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চভূতময় দেহ, নিশ্বাস-প্রশ্বাস-বায়ু-দ্বারা আমরা জীবন-ধারণ করিতেছি ;—এবং মৃত্যু হইলে লোকে বলে, "প্রাণ বায়ু বহির্গত হইয়াছে"—তখন এই পঞ্চভূতের মধ্যে বায়ু জীবন না হইয়া তেজঃ, কিরূপে জীবন হইতে পারে ? উত্তর,—বায়ু ও আকাশ একমাত্র-সৌর-তেজ-দ্বারা প্রকাশিত হইয়া নিজ নিজ কার্য্য করিতেছে। তেজ-দ্বারা অনুপ্রাণিত না হইলে বায়ু ও আকাশ স্ব স্ব কার্য্য সম্পাদনে অক্ষম হইত। যেরূপ বাহিরে আকাশে সূর্য্যের উদয়ে জগৎ প্রকাশিত হইয়াছে বলিয়াই আমরা তাঁহার আলোকে জ্ঞানলাভ করিয়া বায়ু ও আকাশ প্রভৃতি পদার্থসকল অনুভব করিতে পারিতেছি, সেইরূপ দেহমধ্যে অব্যক্ত সাঙ্গ বা পূর্ণ সৌরতেজ দ্বারা (প্রকাশময় সত্ত্বগুণ দ্বারা) অনুপ্রাণিত বা শক্তিমান্ হইয়া মরুৎ ও আকাশ নিজ নিজ কার্য্য করিতে পারিতেছে। তেজের অনুপ্রাণনা বিনা এ দুটী কার্য্য করিতে অক্ষম হইত। আমরাও ইহাদের কার্য্য অনুভব করিতে পারিতাম না। আমরা পার্থিব জীব যখন সর্ব্বদা বায়ু-মণ্ডলের মধ্যে বাস করি, মানুষ মরিয়া গেলে ইন্দ্রিয়দ্বারাদিতে তখনও আকাশ বর্ত্তমান থাকে, এবং যেখানে আকাশ, সেখানে অব্যক্তভাবে বায়ু নিশ্চয়ই আছে। কিন্তু বায়ু তখন থাকিলেও তেজোরূপ জীবন নির্ব্বাপিত হওয়ায় মৃত-ব্যক্তি আর নিশ্বাস প্রশ্বাস

লইতে পারে না। তাই এই পঞ্চভূতের মধ্যে তেজের প্রাধান্যবশতঃ তেজই জীবন। তমোগুণময় আকাশে বিরাজমান হইয়া তেজঃ সর্ব্বত্র প্রাধান্য করিতেছে। যেরূপ সসৈন্য সেনাপতি সমরে বিজয়ী হইলেও, "অমুক রাজা বিজয়ী হইলেন" লোকে বলে, সেরূপ বায়ু নিশ্বাস-প্রশ্বাসরূপে আকাশ বায়ুর আধাররূপে কার্য্য করিলেও, তেজের প্রাধান্যবশতঃ তেজকে জীবন বলা হইল। আকাশ ও বায়ু তেজোরূপ জীবনের সহকারী মাত্র।

৩

পদার্থবিদ্-বরেণ্য ৺রামেন্দ্রসুন্দর ত্রিবেদী তাঁহার লিখিত 'জিজ্ঞাসা' পুস্তকে ১৫১ পৃষ্ঠায় 'এক না দুই' প্রবন্ধে লিখিয়াছেন "মনুষ্যের শরীর জড়পদার্থ সন্দেহ নাই। কিন্তু মনুষ্যের শরীর জীবন্ত-পদার্থ। জীবন কি ?—নানাবিধ গতির সমষ্টিমাত্র। জড়বাদী একপদার্থ ভিন্ন দুই-পদার্থ মানে না। একমাত্র জড় জগৎ, গতি জড়ের ধর্ম্ম। গতির বিভিন্ন মূর্ত্তি। কখন স্রোত, কখন ঢেউ, কখন ঘূর্ণী! গতির বিভিন্ন-মূর্ত্তি অনুসারে তাড়িতক্রিয়া চৌম্বকক্রিয়া, আলোকক্রিয়া রাসায়নিক-ক্রিয়া জৈবক্রিয়া প্রকাশ পাইতেছে। জীবন নানাবিধ গতির সমষ্টিমাত্র, জীবনে গতির ব্যাপার জটিল বা দুর্ব্বোধ।

আমরা কোন গতিই বুঝিতে পারি না। আতা মাটীতে পড়ে,—কেন পড়ে? অম্লজান-কণিকা উদজান-কণিকার প্রতি ধাবিত হয়,--কেন হয়? অঙ্গার-কণিকা ও উদজান-কণিকা আর পাঁচটা কণিকার সহিত যুক্ত হইয়া বিচিত্র জীবন-ক্রিয়ার উৎপাদন করে,—ইহা অধিক আশ্চর্য্য হইল কিসে? ইহার উত্তর দেওয়া কঠিন।" অতবড় বৈজ্ঞানিক ইহার উত্তর দিতে কুণ্ঠিত হইয়াছেন। ইহার একমাত্র উত্তর, যিনি এই জড়-জগতে যাবতীয় গতি বা শক্তির কারণ, সেই সাঙ্গ-সৌরতেজ-প্রভাবে ঐ সকল পদার্থ মিলিত হইয়া জীবন-উৎপাদন করিতেছে! সৌরতেজের প্রেরণা বা প্রভাব না থাকিলে এগুলি মিলিত হইতে পারিত না। মিলিত না হইলে জড়দেহে চেতনাময় জীবন আবির্ভূত হইত না। নাইট্রোজেন্, অক্সিজেন্, কারবন্, হাইড্রোজেন্ প্রভৃতি বাষ্পের উৎপাদক সূর্য্য নিজ তেজে ও স্বতেজ হইতে উৎপন্ন অঙ্গতেজ বা ইলেক্ট্রনের বলে বা তরঙ্গে উক্ত পদার্থ সকল মিলিত করিয়া জড়জীবদেহে জীবন-সঞ্চার করিয়াছেন। এবং কেবল জীবন দিয়াই সূর্য্য নিশ্চিন্ত নহেন। নিজ তেজ-আলোক ও বিবিধ-কিরণ-দ্বারা জীবগণকে জীবিত রাখিয়া জীবের পীড়াদি উপশম করিয়া তাহাদিগকে রক্ষা করিতেছেন। কেবল রক্ষা কেন, স্বতেজে বিদ্যুতের উপাদান ইলেকট্রন্ সৃষ্টি করিয়া জীবনের শক্তি বর্দ্ধনপূর্ব্বক বার্ত্তাবহাদি-যন্ত্রের প্রয়োজক হইয়া আমাদিগকে সর্ব্বতোভাবে সুখী করিতেছেন।

প্রাচীন পণ্ডিত-দিগের মতে সূর্য্যের সাত বর্ণের সাতটী

কিরণ। বৈদিকযুগে ঐ কিরণ ৭টী রথবাহিনী অশ্বী বলিয়া প্রসিদ্ধ। ঋগ্‌বেদে আছে "অযুক্ত সপ্ত শুন্ধ্যুবঃ সূরো রথস্য নপ্ত্যঃ তাভির্যাতি স্বযুক্তিভিঃ" ঋগ্বেদ (সন্ধ্যাপদ্ধতি)। অর্থাৎ সূর্য্য তেজস্বী ৭টী অশ্বী নিযুক্ত করিয়া তাহাদ্বারা তিনি রথে গমন করিতেছেন। আধুনিক বিজ্ঞানের মতে সূর্য্যের ৭ সাত অপেক্ষা অনেক অধিক কিরণ আছে। ঐ কিরণগুলির তরঙ্গ বা গতিশক্তি খুব বেশী ইহা বলাতে প্রকারান্তরে কিরণগুলিকে অশ্বের মত বেগশালী বলা হইয়াছে। সূর্য্যের একটি নাম সহস্ররশ্মি অর্থাৎ সূর্য্যের অসংখ্য-কিরণ, পৌরাণিক যুগে সূর্য্যের অসংখ্য কিরণ স্বীকৃত হইয়াছে। আধুনিক বিজ্ঞানের মতে কিরণগুলি এই,—১ Hertzian waves ২ Infra red, ৩ Red, ৪ Orange, ৫ Yellow, ৬ Green, ৭ Blue, ৮ Indigo, ৯ Violet, ১০, নূতন আবিষ্কৃত Ultra Violet ১১ X'ray। দশম ও একাদশ কৃত্রিম কিরণের সাহায্যে ডাক্তারেরা অনেক কঠিন-রোগ নির্ণয় করিয়া তাহার সুব্যবস্থা করিতেছেন। বৈজ্ঞানিক-দিগের চেষ্টায় ক্রমে সূর্য্যের সহস্র কিরণও আবিষ্কৃত হইবে। ফলতঃ যদি আমরা প্রতিদিন বিবেচনা পূর্ব্বক সূর্য্যালোকে অধিকক্ষণ থাকিয়া বায়ু সেবন ও পরিভ্রমণ করি, আমাদের কোন পীড়া হয় না।

প্রায় ১৫ বৎসর পূর্ব্বে ১৯১১ সালে—আমি তখন কটক কলেজে ছিলাম, কটকের সিভিল সার্জ্জন্ কর্ণেল উইলসন্ সাহেব আমার নিকটে বাংলা পড়িতেন। দুর্ভাগ্যবশতঃ আমার

সেই সময়ে ভীষণ বিপদ্ উপস্থিত হইয়াছিল। নিউমনিয়া রোগে আক্রান্ত হইয়া আমার জ্যেষ্ঠ পুত্রটী ভাট্‌পাড়ায় মারা যায়। যদ্যপি প্রথম হইতেই ডাঃ শ্রীযুক্ত নীলরতন সরকার প্রভৃতি বড় বড় ডাক্তারেরা তাহাকে অনেকদিন দেখিয়াছিলেন, তথাপি সে রক্ষা পায় নাই। এ বিপদের কিছুদিন পরে আমি ডাক্তার উইলসন সাহেবকে বলিয়াছিলাম এলোপ্যাথিক চিকিৎসা না করাইয়া যদি হোমিওপ্যাথিক চিকিৎসা করাইতাম তাহা হইলে, হয়ত আমার পুত্রটী রক্ষা পাইত! তখন সাহেব একখানি বড় পুস্তক খুলিয়া পাঠ করিয়া বলেন যে এলোপ্যাথিক ও হোমিওপ্যাথিক চিকিৎসায় শতকরা ৫০টী নিউমোনিয়া রোগী আরোগ্য লাভ করিয়াছে, ইহা ঐতিহাসিক সত্য। কিন্তু এক সময়ে আফ্রিকায় সৈন্যগণমধ্যে কলেরা ও নিউমোনিয়া রোগ হইয়াছিল। তাহাদিগকে চিকিৎসা করাইবার সুবিধা হয় নাই। রোগীরা খোলা মাঠে রৌদ্র-বাতাসে পড়িয়াছিল। ক্রমে জানিতে পারা গেল যে তাহাদের মধ্যে প্রায় সকলেই অর্থাৎ শতকরা নব্বুই জন লোক উক্ত রোগ হইতে রক্ষা পাইয়া বাঁচিয়া ছিল। প্রমাণিত হইয়াছে যে একমাত্র সূর্য্যের কিরণই নিউমোনিয়া ও কলেরা প্রভৃতি কঠিন রোগের বীজাণু ধ্বংস করিয়া রোগীকে সুস্থ করে। খুব পীড়ার সময়ে আমার ৺ পুত্র বুক হইতে তুলা ফেলিয়া দিতে, সকল জানালা খুলিয়া দিতে ও ঘরের বাহিরে ছাদে রৌদ্রে লইয়া যাইবার জন্য বিশেষ করিয়া বলিত, ডাক্তারের অমতে কাজ করিতে পারি নাই। সূর্য্যালোকে ও খোলা বাতাসে যাইলে সে যে সুস্থ হইতে

পারিত, তাহার অন্তরাত্মা জানিত বলিয়াই প্রকৃতি দ্বারা পরিচালিত হইয়া সে ঐরূপ বলিয়াছিল। আমরা কেহই তাহার কথা শুনি নাই, তাই দুর্ভাগ্যবশতঃ তাহাকে অকালে হারাইয়াছিলাম।

এই পৃথিবীতে যেখানে আকাশ বা ঈথর সেই খানেই বায়ু এবং সেই স্থানেই বিদ্যুতের কারণ ইলেক্‌ট্রন্ আছে। ইলেক্‌ট্রন-গুলি সূর্য্যতেজ হইতে উৎপন্ন হইয়া সর্ব্বদা পৃথিবীর সন্নিহিত বহিঃস্থ বা দেহ-মধ্যস্থিত সকল আকাশে অব্যক্তভাবে বিরাজমান থাকিয়া জীবনী-শক্তি বৃদ্ধি করিতেছে। ইলেক্‌ট্রন্ আকাশে অব্যক্তভাবে থাকে বলিয়া আমরা অতি অনায়াসে সামান্য উপায়ে বিদ্যুৎ বাহির করিতে পারি। বিদ্যুৎ-শক্তির সাহায্য ভিন্ন কোন জীবই উৎপন্ন হইতে পারিতনা, ইহা অনেকেই জানেন। দুইটী পদার্থ ঘর্ষণ করিলেই বিদ্যুৎ বাহির হয়। আমরা যখন কিছুক্ষণ দুইহস্ত ঘর্ষণ করি, তৎক্ষণাৎ আবিষ্কৃত বিদ্যুৎশক্তিতে হস্ততল উত্তপ্ত হয়। চোখে পোকা-মাকড় পড়িলে বা কোনও কারণে চোখে যন্ত্রণা হইলে আমরা সেই তপ্ত হস্ত চোখে দিয়া সুস্থ হই। সৌর-তেজঃ-সম্ভূত বিদ্যুৎ জীব-সৃষ্টির নিদান ইহা অনুভব-সিদ্ধ। পূর্ব্বেই উক্ত হইয়াছে যে নাইট্রোজেন্, অক্‌সিজেন্, কার্‌বন্ হাইড্রোজেন্ প্রভৃতি বাষ্পের উৎপাদক সূর্য্য। ঐ সকল বাষ্প বহিঃস্থ ও দেহস্থিত সকল অংশেই সর্ব্বদা বর্ত্তমান আছে। সূর্য্যতেজে গতি-শক্তিশালী ইলেক্‌ট্রন্‌গুলির তরঙ্গের পরিচালনায় ঐ গ্যাসগুলি মিলিত হইয়া জীবনীশক্তি সম্পাদন করিতেছে।

এই দেহ পঞ্চভূতময় বলিয়া আমরা পার্থিব ও জলীয় বস্তুদ্বারা জীবন-পোষণ করি। জীবনপোষণের জন্য আমরা দুগ্ধাদি সেবন করি। দুগ্ধের সার-অংশ, নবনীতের বিকার ঘৃত তেজঃ বলিয়া প্রসিদ্ধ। সূর্য্য, বিদ্যুৎ, বহ্নি, ঘৃত, শুক্র প্রভৃতি সকল বস্তুই তেজঃ। দুগ্ধ-সেবনে স্বদেহস্থিত তেজঃ বা জীবন শক্তিমান্ হয়। শৈশবে মাতার স্তন্যদুগ্ধ পান করি। তাহাতে মাতার তেজঃ বা বৈদ্যুতিক শক্তি পাইয়া দিন দিন বলবান হই। সমানরূপপদার্থ হইতেই আমরা সমধিক শক্তি লাভ করি। তাই শিশুর পক্ষে মাতৃদুগ্ধ অতি উপকারী। তার পরই অন্যান্য পশুদিগের মধ্যে গো-দুগ্ধই অতি উপকারী। কারণ গাভীতে তেজঃ বা বৈদ্যুতিক শক্তি অধিক আছে। তাই গোদুগ্ধ-পানে আমরা সবল হই। বলা বাহুল্য, কেবল দুগ্ধপানেই দীর্ঘ জীবন লাভ করিতে পারি। গোমূত্রে ও গোবরেও বৈদ্যুতিক শক্তি আছে বলিয়া উহার ব্যবহারেও আমরা বিশেষ-রূপে উপকৃত হই। গোমূত্র বা চোনার সেকদ্বারা প্লীহা-যকৃৎ আরোগ্য লাভ করে। যাহার যেরূপ শরীর ও যে দেশে জন্ম ও যেরূপ জলবায়ুতে অভ্যস্ত, তদনুসারে যদি সেই ব্যক্তি প্রত্যহ একনিয়মে আহারাদি করে, তাহাদ্বারা দেহস্থিত বৈদ্যুতিক শক্তির সামঞ্জস্য থাকে, একদিনের জন্যও তাহার পীড়া হয় না। পীড়া হইলে বুঝিতে হইবে যে আহারাদির অনিয়মে তেজঃ মন্দ হইয়াছে। দেহস্থিত তেজঃ বা বিদ্যুৎ দুর্ব্বল হইলে বায়ু শ্লেষ্মার প্রকোপ হয়। তাহাতে ক্রমে আহারে

অরুচি ও নানারূপ পীড়া হয়। যেরূপ কলকারখানায় জলাদি ও অন্যান্য সকল যন্ত্র ঠিক থাকিলেও বহ্নির শক্তি মন্দ হইলে কল আর চলেনা, সেইরূপ দেহস্থিত তেজঃ হীন-শক্তি হইলে পচনক্রিয়া শক্তি আর পূর্ব্বের ন্যায় থাকে না, তাহাতেই ক্রমে ক্রমে নানা রোগ উৎপন্ন হয়। যাহাতে তেজের শক্তি সবল থাকে এরূপ আহারাদি করিতে হইবে। দেহস্থিত বায়ুর যাহাতে গতিপথ অবারিত থাকে, তাহার ব্যবস্থা করা কর্ত্তব্য। অধিক শ্রম বা অল্পশ্রম করা উচিত নহে। সহ্য ও আবশ্যকমত নিজ দেহ ও শক্তি অনুসারে শ্রমাদি করা বিধেয়। সমুদয় দেহেই আকাশ ব্যাপ্ত, দশ-ইন্দ্রিয়-দ্বারে আমরা তাহা উপলব্ধি করি। এমন কি নখের মধ্যেও আকাশ আছে, এইজন্য 'নখাকাশ'-কথাটি প্রচলিত আছে। এই আকাশ বা ব্যোম সকল মহাভূতের আদি-আধার। যাহাতে দেহ-মধ্যে আকাশের স্থান অব্যাহত থাকে, তাহা কর্ত্তব্য। সেইজন্য শাস্ত্রে আছে, উদর পূর্ণ করিয়া ভোজন করা উচিত নহে। আহার্য্য বস্তুর তিনভাগ খাইবে, এক ভাগের কিছু অংশ পেয় জলে পূর্ণ করিয়া আর কিছু অংশ দেহস্থ বায়ুর চলাচলের জন্য রাখিয়া দিবে। বাহিরে আকাশ যেরূপ তেজঃ ও বায়ুর স্থান, দেহস্থ আকাশ ও সেইরূপ তেজঃ ও বায়ুর আধার। আকাশের স্থান অব্যাহত বা অবারিত রাখিলেই শরীর সুস্থ থাকিবে।

ব্যোম, তেজঃ প্রভৃতি সকল ভূতের আধার বলিয়া আধেয় তেজঃ প্রভৃতির কার্য্য করিবার সাহায্য করে। অনেকেই বোধ হয় প্রত্যক্ষ করিয়াছেন, যেখানে আগুন খুব জ্বলে (ঘরে আগুন

লাগিলে), সেখানেই আকাশে প্রবল বায়ু বহিতে থাকে। যেখানে জলরাশি বা সমুদ্র সেখানেই মহাবায়ুর আবির্ভাব। অর্থাৎ পাঁচটি মহাভূতই বিশেষ ঘনিষ্ঠ ভাবে সম্বদ্ধ,—পরস্পর পরস্পরের সাহায্য করিয়া থাকে। তেজের শক্তি বা তরঙ্গে পরিচালিত হইয়া দেহমধ্যে মরুৎ (বায়ু) আমাদিগের ভুক্ত-খাদ্যদ্রব্য হইতে সার রক্তাদি পোষণ করে, এবং উক্ত বায়ুই (শাস্ত্রে প্রাণ, অপান, সমান, উদান, ব্যান নামে প্রসিদ্ধ) আহারাদির সার গ্রহণ-পূর্ব্বক রক্তাদিতে পরিণমন ও মল মূত্র-অংশকে পৃথক করিয়া জীবনী-শক্তি বৃদ্ধি করে। বাহিরে যেরূপ ষ্টীমের (বহ্নি-বিদ্যুৎ-জলাদি-সম্ভূত বাষ্পের) তেজে কল পরিচালিত হইয়া বাষ্পীয়যান-বাহনাদি প্রায় প্রয়োজনীয় সকল কার্য্য সম্পাদন করে, সেইরূপ দেহ-মধ্যে সৌরতেজও আত্মোৎপন্ন বিদ্যুৎ-শক্তির সহিত মিলিত হইয়া স্বীয় তরঙ্গ বা শক্তিতে প্রাণাদি বায়ু-সকলকে কার্য্য করাইতেছে। এই বিজ্ঞানটি আর্য্য ঋষি গণের বিশেষ পরিজ্ঞাত ছিল। তাই গায়ত্রীর অর্থ,—এই সর্ব্বলোক-ব্যাপ্ত জগতের প্রকাশক আমাদিগের হিতকারী বলিয়া প্রার্থনীয় সবিতা,—জগতের সৃষ্টিকর্ত্তা বা প্রকাশক পরমব্রহ্ম বা সূর্য্যের তেজ যেন আমরা ধ্যান করি! যিনি আমাদিগের বুদ্ধিকে কার্য্য করিতে নিযুক্ত করিতেছেন। সবিতার অর্থ পরমব্রহ্ম ও সূর্য্য। কারণ সূর্য্যের উদয়ে তমোভাব হইতে জগতের প্রকাশ বা আবির্ভাব। তাই গায়ত্রী দ্বারা সূর্য্যের ধ্যান অর্থও অযুক্তি-যুক্ত নহে। এই সৌরজগতে সূর্য্যের তেজই সর্ব্ব-প্রধান তেজঃ। ইলেকট্রন্ (বিদ্যুতের সূক্ষ্ম উপাদান) ও

অন্যান্য যাবতীয় তেজ ও অগ্নি এই সূর্য্য তেজ হইতে আবির্ভূত। সূর্য্যকান্ত-মণির উপরে সূর্য্যতেজ পড়িলে নিকটে তুলা বা সোলা থাকিলে উহা প্রজ্বলিত হইয়া অগ্নি উৎপাদন করে। ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে যে ঘূর্ণায়মান সূর্য্যের তেজ হইতে পৃথিবী আবির্ভাবের পরেই বিদ্যুতের কারণ ইলেক্‌ট্রন্‌ গুলি আবির্ভূত হইয়া উর্দ্ধতন আকাশ ব্যাপিয়া পৃথিবীর সন্নিহিত আকাশ ও পার্থিব-জীব-দেহ মধ্যস্থ আকাশে সর্ব্বদা বিরাজমান আছে। সহস্রকিরণ-রবির কিরণ যাহা আকাশ দিয়া পৃথিবীতে আসিতেছে, তাহার সহিত পৃথিবী-সন্নিহিত আকাশব্যাপ্ত ইলেক্‌ট্রনের যে কিছু সংযোগ হইতেছে তাহা বলা বাহুল্য। এইজন্য Hertzian waves প্রভৃতি সূর্য্যের প্রায় সকল কৃত্রিম কিরণ ইলেকট্রন্‌ দ্বারা অনুপ্রাণিত হইয়া অধিক তরঙ্গ বা গতি শক্তি প্রকাশ করে। এক কথায় বলিতে গেলে সৌরতেজই কখনও বিদ্যুৎরূপে কখনও বা বৈশ্বানররূপে সব জীবের মধ্যে অন্নাদি পচন ক্রিয়া দ্বারা আমাদের জীবনী-শক্তি বৃদ্ধি করেন। যেখানে আকাশ সেই খানেই বায়ু, ও সেইস্থানেই অব্যক্ত ভাবে সৌরতেজ ও ইলেক্‌ট্রন্‌ আছে।

সমুদয় তেজের আদি কারণ পরমব্রহ্ম অদৃষ্ট, আর দৃষ্ট সবিতাদেব। তাহা হইতেই অক্সিজেন্‌ প্রভৃতি গ্যাস আবির্ভূত হইয়া দেহমধ্যে বর্ত্তমান আছে। ঐ গ্যাস সকলের অব্যক্তভাবে সংযোজক সাঙ্গ-সৌরতেজকে আমরা এই জড়দেহমধ্যে চৈতন্যময় জীবনরূপে লাভ করিয়াছি। অতএব সৌরতেজই

স্বীয়োৎপন্ন ইলেক্‌ট্রন্ শক্তির সহিত দেহমধ্যে জীবনের কার্য্য করিতেছে ইহা প্রমাণিত হইল।

৪

এক্ষণে প্রসঙ্গক্রমে সৌরতেজঃ-সম্ভূত বিদ্যুতের বিষয় এখানে কিছু বলা অসঙ্গত হইবেনা। যেরূপ দুগ্ধ মন্থন করিলে তাহার সার হইতে ননী ক্রমে ঘৃত (তেজঃ) উৎপন্ন হয়, সেইরূপ সর্ব্বদা ইলেক্‌ট্রন্‌ময় আকাশ মন্থন করিয়া তাহা হইতে বিদ্যুৎ-সংগ্রহ-পূর্ব্বক প্রথমে তাহা তাম্রপাত্রাদিতে ধরিয়া ধাতুময় তার দিয়া সেই শক্তি সঞ্চালন করিয়া আলোক বাতাস ও অন্যান্য প্রয়োজনীয় কার্য্যে প্রযুক্ত হইতেছে। বিদ্যুৎউৎপাদকযন্ত্র দেখিলেই আকাশমন্থনের ব্যাপার বুঝিতে পারা যায়। একটি বড় চাকা বহ্নি-তেজে অথবা স্বাভাবিক বা কৃত্রিম প্রস্রবণের শক্তিতে বন্ বন্ করিয়া আকাশে সর্ব্বদা ঘুরিয়া থাকে, ও এইরূপে আকাশস্থিত ইলেকট্রন্‌গুলি সংগৃহীত হইয়া বিদ্যুৎরূপে পরিণত হইলে উহা তাম্রপাত্রে নীত হয়। পূর্ব্বেই বলা হইয়াছে, প্রায় সমুদয় আকাশে সৌরতেজও তদুৎপন্ন ইলেক্‌ট্রন ও বায়ু বিদ্যমান আছে। তেজঃ মরুৎ ও ব্যোম বা এককথায় পৌরাণিক সত্ত্ব-রজঃ-তমোগুণদ্বারা সৌরজগতের প্রায় সকলকার্য্য সম্পাদিত হইতেছে। আমাদের দেহস্থিত ইন্দ্রিয়াদি-দ্বারসকল আকাশময়। এবং ঐ আকাশে অব্যক্ত-

ভাবে অবস্থিত সাঙ্গ সৌরতেজদ্বারা বায়ু পরিচালিত হইয়া ভুক্ত খাদ্যাদি হইতে রক্তাদি সম্পাদন পূর্ব্বক দেহপোষণ করে। শিরায় শিরায় ধমনীতে ধমনীতে যে রক্ত বহিতেছে, দেহমধ্যস্থিত বায়ু অব্যক্ত সাঙ্গসৌরতেজদ্বারা চালিত হইয়া এ সকল কার্য্য করাইতেছে।

মধ্যে মধ্যে আমরা বর্ষা বা শরৎকালে মেঘ হইলে আকাশে বিদ্যুৎ দেখিতে পাই। কেহ কেহ বলেন যে যদি আকাশে সর্ব্বদা বিদ্যুৎ থাকে, তাহা হইলে মেঘ না হইলে তাহা দেখা যায় না কেন? মহাভূত আকাশে যাহাকে আমরা বাহিরে শূন্যময় অনুভব করিতেছি, (ইংরাজীতে ঈথার বলিলে যাহার স্পষ্ট অর্থ হয় না, কারণ ইহাই ব্যোম বা আকাশ, যাহার মধ্যে তেজঃ ও মরুৎ অদৃশ্য বা অব্যক্তভাবে সর্ব্বদা বিদ্যমান,) কোন দৃশ্যপদার্থরূপে আবির্ভূত হইয়া যখন দুইটী মেঘ খুব নিকটবর্ত্তী হয়, তখন উভয়ের ঘর্ষণে বা সবেগসংযোগে আকাশস্থ অব্যক্ত ইলেক্‌ট্রন্ বিদ্যুৎরূপে প্রকাশিত হয়। যেরূপ কোন লোককে ভূতে পাইলে ঐ ভূতাবিষ্ট লোকের মুখ-দ্বারাই ভূত কথা বলিয়া থাকে, শূন্য বায়ুরূপী ভূতের আকার না থাকায় মুখে কিছু বলিতে পারে না, সেইরূপ শূন্য আকাশে সর্ব্বদা তেজঃ-শক্তি অব্যক্তভাবে থাকিলেও কোন দৃষ্ট আধার ভিন্ন লোকচক্ষে সে তেজঃ পরিদৃষ্ট হয় না। আমরা মেঘ দেখিতে পাই, তাই তাহাতে বিদ্যুৎও দেখিতে পাই। যখন আকাশ দেখিতে পাই না, তখন সেখানে বিদ্যুৎ কিরূপে দেখিতে পাইব? মহাভূতেরাও ভূতের ন্যায় কোন আধারে

স্বদেহস্থিত তেজঃ বা শক্তি প্রদর্শন করে। আকাশের ন্যায় এত বৃহৎ পদার্থ ত্রিজগতে আর দ্বিতীয় নাই। পৃথিবীর সন্নিহিত তাহার কোন অংশে স্থিত ইলেক্‌ট্রন্‌গুলি কৌশলে বিদ্যুৎরূপে পরিণত হয়। মেঘরূপ আধারে বিদ্যুৎ প্রকাশিত হইলে আমরা তাহা দেখিতে পাই। দেহাকাশস্থিত সৌর তেজ ও বিদ্যুৎ অতি সূক্ষ্ম, পরমাণু অপেক্ষা ও সূক্ষ্মতর। কেবল কার্য্য দেখিয়া আমরা তাহা অনুভব করি।

এই সৌর জগতে সকলজীবসৃষ্টির মূলকারণ সৌরতেজঃ-সম্ভূত ইলেক্‌ট্রন্। উহাদ্বারা অনুপ্রাণিত হইয়া দেহমধ্য হইতে আবির্ভূত শক্তি (তেজঃ) জীবসৃষ্টি করে এবং সেই একরূপ নিয়মে পরিচালিত হইয়া পশু পক্ষীকীটপতঙ্গ প্রভৃতি ক্ষুদ্রজীবাদিরও স্বদেহস্থিত তেজঃ গর্ভাশয়ে প্রবিষ্ট হইয়া সজাতীয় জীব সকলের কারণ হয়। দিন দিন উক্ত তেজঃ শোণিতের সহিত গর্ভাশয়ে বৃদ্ধি প্রাপ্ত হইলে যথা-সময়ে সৌরতেজঃদ্বারা অক্‌সিজেন্ প্রভৃতি বাষ্পের একত্র সংযোজনে উহা অচিন্তনীয় উপায়ে বা পরমেশ্বরের ইচ্ছায় চৈতন্যময় বা প্রাণময় জীবরূপে পরিণত হইয়া থাকে। এই জড় জীবদেহে অক্‌সিজেন্ প্রভৃতি বাষ্পের সংযোজন না হইলে চৈতন্য আসিতে পারিত না। এবং সৌর তেজঃ স্বীয়োৎপন্ন ইলেক্‌ট্রন্ শক্তিতে বাষ্পাদিসংযোজন করিয়া দিয়াছে বলিয়া সৌরতেজই জীবন জানিবে।

সৌরতেজ ও ইলেক্‌ট্রন্ জীবনপোষণের কারণ পূর্ব্বাচার্য্য-গণও বিশেষরূপে উপলব্ধি করিয়া প্রথমে গায়ত্রী দ্বারা সূর্য্যের

উপাসনার ব্যবস্থা করিয়া গিয়াছেন। বিদ্যুৎশক্তি ও যে আমাদের জীবনপোষণের কারণ ইহা বুঝিয়া দেহমধ্যে যেরূপে বিদ্যুৎশক্তি সুরক্ষিত হয় তাহার উপায় করিয়া গিয়াছেন। সর্ব্ববর্ণের অভ্যুদয়প্রার্থী ব্রাহ্মণেরা প্রতিদিন প্রাতঃকালে চক্‌চকে তাম্র-কোশা-কুশি তাম্রকুণ্ড তাম্র-টাটে পুষ্প জলাদি রাখিয়া পূজাদি করেন। এইরূপ ধর্ম্মকার্য্যে প্রাতঃ মধ্যাহ্ন ও সায়াহ্ন-কালে তাম্রপাত্র অনেকক্ষণ ব্যবহৃত হয়। আকাশ হইতে বিদ্যুৎ সংগৃহীত হইলে প্রথমেই তাম্র তারদ্বারা বিদ্যুৎ নানাস্থানে নীত হয়, ইহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। তাম্রই বিদ্যুতের শক্তিচালক আধার। তাম্রপাত্র ব্যবহারে দেহস্থিত বিদ্যুৎ সুপরিচালিত হয়। বিদ্যুৎ-শক্তি চালনার জন্য আর্য্যগণ পূজা তর্পণাদির ব্যবস্থা তাম্রপাত্রে করিয়া গিয়াছেন। গণ্ডার-ব্যাঘ্র-প্রভৃতি জন্তুদিগের স্বাভাবিক বৈদ্যুতিক শক্তি অধিক বলিয়া গণ্ডারের চর্ম্মে তর্পণের বিধি আছে। দুর্ব্বল বালকের বলবৃদ্ধির জন্য বাঘের নখ ধারণ করিতে দেওয়া হয়। এই সকল উদাহরণদ্বারা স্পষ্টই প্রমাণিত হইতেছে যে সৌরতেজঃ স্বকীয়োৎপন্ন বিদ্যুৎ-শক্তির সহিত আমাদিগের জীবনের কার্য্য করে। বিদ্যুৎ-শক্তি কমিয়া গেলে মানুষ দুর্ব্বল হয়, ক্রমে অকালে কালগ্রাসে পতিত হয়।

গ্রামোফোন্ ও ব্যোমের (বিদ্যুৎ-বায়ুযুক্ত আকাশ) সাহায্যে মোমের আধারে (রেকর্ড) গানাদি শব্দের ফটো তুলিয়া রাখিয়া যথাসময়ে যন্ত্রসাহায্যে সেই সকল শব্দাদি পুনরুচ্চারিত হইয়া থাকে। ফনোগ্রাফে যিনি শব্দাদির ফটো তোলাইয়াছেন,

তিনি ইহা ভাল বুঝিতে পারিবেন। রাজসাহী কলেজে থাকিবার সময়ে আমি ফনোগ্রাফে বৈদিক মন্ত্রের ফটো তোলাইয়াছিলাম। প্রায় সকল অত্যদ্ভূত কার্য্য বিদ্যুৎবায়ুযুক্ত আকাশ বা ব্যোমও সৌরতেজের তরঙ্গে সম্পাদিত হইতেছে। কখন বিদ্যুৎ বেশী কাজ করে, কখন বা বায়ু কখন বা সৌরতেজের তরঙ্গ কখন বা আকাশ, কখন বা এই সকল পদার্থ মিলিত হইয়া সমানভাবে কাজ করিয়া এ সংসারে আমাদের উপকার করে। সবাক্‌চিত্র অনেকেই দেখিয়া থাকিবেন, উহা প্রায়ই ব্যোম ও বিদ্যুতের কার্য্য জানিবেন। যখন যেরূপ ভাবে লোকের সচল বা অচল সবাক্ বা নির্বাক্ চিত্র তোলা হইয়াছে, দেখাইবার সময়ে বিদ্যুৎশক্তির বলে চিত্রগুলি বড় আকার ধরিয়া ঠিক যেন পূর্ব্ববৎ বাক্যাদি বলে, গান করে, বাজনা বাজায়, বন্দুক ছোঁড়ে, ও যুদ্ধ করিয়া থাকে। বিদ্যুৎই যেন চিত্রিত পটগুলিকে স্বীয় শক্তি দ্বারা সজীব মানুষের মত কার্য্য করাইয়া থাকে। আবার ব্যোমের (বিদ্যুৎবায়ুযুক্ত আকাশ) কি অদ্ভুত শক্তি! গৃহের দেওয়ালের অন্তরালে একটি লোক আছে, অথচ ফটোগ্রহীতা ব্যক্তি ঘরে বসিয়া তাহার ফটো তোলেন। এই ব্যোমশক্তি দ্বারা কাশীস্থ লোকের ফটোও কলিকাতায় তোলা যায়। কারণ ব্যোম কাশী ও কলিকাতায় সর্ব্বত্র সমানভাবে বিদ্যমান। ইহা ব্যোমের শক্তিতেই হয় জানিবে। আমেরিকাস্থিত লোকের সহিত তারশূন্য যন্ত্রে অল্পসময়ের মধ্যে সংবাদের আদান প্রদান হয়। রেডিওতে দূরস্থানের গান, অভিনয় ও বক্তৃতা ঘরে

বসিয়া শোনা যায়। এ সকলই কোথায়ও ব্যোমের কোথায়ও বা সৌরতেজের তরঙ্গের কার্য্য বুঝিতে হবে। রঞ্জন-রশ্মি (X-Ray) ও আলট্রাভায়োলেট্ সূর্য্যের অন্যতম কিরণ এবং ইলেকট্রণ ও সূর্য্যতেজঃসম্ভূত। সুতরাং বিদ্যুতের সহিত এই দুইটীর ঘনিষ্ঠ সম্বন্ধ থাকায় পরস্পর মিলিত হইয়া এই দুইটী কিরণ অনেক দুশ্চিকিৎস্য রোগের উপশমের কারণ হয়। শীতপ্রধান স্থানে মুমূর্ষু বৃক্ষ লতা সকল বিদ্যুতের তাপে জীবিত হইয়া পল্লব-ফল-পুষ্প ধারণ করে ইহা দেখা যায়। এসংসারে সকল বিচিত্র কার্য্যই সৌর তেজঃ বিদ্যুৎ ও ব্যোম দ্বারা সম্পাদিত হইতেছে। এক্ষণে প্রমাণিত হইল যে বিদ্যুৎ-সহকারী সৌরতেজই জীবন। বিদ্যুতের সাহায্যে অব্যক্ত সৌরতেজঃ দেহাকাশমধ্যে যে সকল কার্য্য করে, তাহাতেই আমরা শক্তিমান্ হইয়া জীবিত আছি। বেদান্তে যে তৈজস আত্মার উল্লেখ আছে, উহা বিদ্যুৎ-সহকারী সৌরতেজঃ।

দেবতা পূজাপদ্ধতির পুরোহিত দর্পণে লেখা আছে যে পূজক প্রাতঃসূর্য্যতুল্য সর্ব্বত্র ব্যাপ্ত দেবতাকে সোঽহং চিন্তা করিয়া মূলাধার হইতে ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত বিদ্যুদাভা কুণ্ডলিনী শক্তির ভাবনাপূর্ব্বক পুষ্প লইয়া ধ্যান করিবে। বিদ্যুদাভা কুণ্ডলিনী-শক্তির চিন্তাদ্বারা দেহস্থ সৌরতেজ ও বিদ্যুৎরূপ জীবন লক্ষিত হইয়াছে। সাঙ্গ-সৌরতেজোরূপ জীবন ও দেবতার জীবন অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মা এক ভাবিয়া দেবতার ধ্যান করিতে হয়।

বৈদ্যুতিক তারস্পর্শ করিলেই ভূমিস্থিত মানুষের তৎক্ষণাৎ মৃত্যু হয়। ইহার কারণ, অধিক শক্তিশালী বাহিরের বিদ্যুৎতার ধরিবামাত্র মানুষের দেহাভ্যন্তরস্থিত সাঙ্গ সৌরতেজ অর্থাৎ সবিদ্যুৎ সৌরতেজোরূপ জীবন অভিভূত হয়, মানুষ তৎক্ষণাৎ মরিয়া যায়। পূর্ব্বেই উক্ত হইয়াছে সূর্য্য হইতে তেজঃ বিদ্যুৎ ও পৃথিবী উৎপন্ন। ডাক্তারেরা বলেন, যে heartfail হইয়া মারা গিয়াছে। মানুষ পীড়ায় ভুগিলে বা নিজ শক্তির অতিরিক্ত শারীরিক বা মানসিক শ্রম করিলে তাহার দেহস্থিত অব্যক্ত সৌরতেজের সহিত বৈদ্যুতিক শক্তি বা জীবন অতিশয় ক্ষীণ ও দুর্ব্বল হয়, তখন লোকের অজ্ঞাতসারে তাহা নির্ব্বাণ হইয়া যায়। ইহাই heartfail।

বৈজ্ঞানিকগণ যেরূপ ব্যোমের সমধর্ম্মযুক্ত যন্ত্র প্রস্তুত করিয়া দূরস্থ লোককে রেডিও দ্বারা গানাদি শোনাইতেছেন, আমেরিকা প্রভৃতি দূরদেশ হইতে অল্পক্ষণের মধ্যে সংবাদের আদান-প্রদান করাইতেছেন, সেইরূপ কোন বৈজ্ঞানিকপ্রবর যদি দেহাভ্যন্তরস্থ জীবনরূপ সাঙ্গ (সবিদ্যুৎ) সৌরতেজে কি কি পদার্থ আছে জানিয়া সেই জাতীয় পদার্থ সংগ্রহ করিয়া নূতন যন্ত্র প্রস্তুত করিতে পারেন, জড়দেহস্থ জীবনরূপ তেজঃ নির্ব্বাণ বা বাহির হইবার সময়েই সেই কৃত্রিম সূক্ষ্মতেজঃ পূর্ব্বোক্ত যন্ত্রের সাহায্যে শরীরমধ্যে প্রবেশ করাইলে মানুষ আরও কিছুকাল বাঁচিতে পারে। এক্ষণে জীবন কি যখন একরূপ স্থিরীকৃত হইল, তখন উহা কিরূপে পুষ্ট ও সুরক্ষিত হয়,

কিরূপে শীঘ্র নষ্ট না হয় তাহার উপায় করাও আর অসম্ভব হবেনা। মানুষ খুব পীড়িত হইলে দেহস্থ অকৃত্রিম অক্সিজেন্ বাষ্প দুর্ব্বল ও দূষিত হইয়া পড়িলে কৃত্রিম অক্সিজেন্ বাষ্প-প্রয়োগে জীবনীশক্তি রক্ষণের চেষ্টা এখনও ডাক্তারেরা করিয়া থাকেন সত্য। কিন্তু কেবল অক্সিজেন্ বাষ্পপ্রয়োগে মানুষের জীবনরক্ষা কিরূপে হইবে? কার্‌বন্ (Carbon) নাইট্রোজেন্ (Nitreogen) অক্সিজেন্ (Oxygen) হাইড্রোজেন্ (hydrogen) প্রভৃতি বাষ্পসকলের সূক্ষ্মপরমাণু সাঙ্গ সৌরতেজঃ অর্থাৎ দেহা-কাশস্থিত বিদ্যুৎশক্তিযুক্ত অব্যক্তসৌরতেজের তরঙ্গে বা শক্তিতে বাষ্পগুলি সংযুক্ত হইয়া জীবনরূপে পরিণত হয়। তেজঃ চলিয়া গেলে অক্সিজেন্ বাষ্পগুলি বিযুক্ত হইয়া প্রাণধর্ম্মশূন্য হয়। তখন জীব মরিয়া যায়। তাই অক্সিজেন্ প্রভৃতি বাষ্প সকলের একমাত্র সংযোজক প্রাণধর্ম্মের প্রবর্ত্তক বা কারণ সাঙ্গ সৌরতেজঃ জীবন, ইহা প্রমাণিত হইল। যেরূপ স্বর্ণ বা লৌহ উত্তাপে দ্রবীভূত না হইলে, তাহা হইতে কোন বস্তু প্রস্তুত হইতে পারেনা, সেরূপ দেহস্থ বাষ্পগুলিও সৌরতেজের উত্তাপে এক না হইলে দেহ প্রাণময় হয় না। কেন এক হইল, ইহার সূক্ষ্মকারণ তেজঃ তাহা না বুঝিতে পারিয়া, বাহিরে অদৃশ্য বায়ুর মত বাষ্পগুলি প্রাণবায়ু বলিয়া স্থিরীকৃত হইয়াছে। বাস্তবিক তেজই জীবন, বাষ্পগুলি তাহার উপাদানমাত্র।

গীতায় আছে 'অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ প্রাণাপান সমাযুক্তঃ পচাম্যন্নং চতুর্বিধম্।' এই উল্লিখিত বৈশ্বা-নরই বেদান্তপ্রতিপাদিত তৈজস আত্মা, আমাদের মতে সবিদ্যুৎ

সৌরতেজঃ বা জড়দেহস্থিত চৈতন্যময় জীবন। আর্য্যশাস্ত্রের মতে প্রাণ প্রভৃতি পঞ্চবায়ু দেহমধ্যে আছে। সেই বায়ু তেজদ্বারা অনুপ্রাণিত বা পরিচালিত না হইলে রাজোগুণ বায়ু নিষ্ক্রিয় হয়। দেবীমাহাত্ম্যে বা চণ্ডীতে আছে, সৃষ্টির পূর্ব্বে সত্ত্বগুণ বা তন্ময় সর্ব্বব্যাপক ভগবান্ বিষ্ণু নিদ্রা বা মোহাবৃত, অতএব স্বকার্য্য করিতে অক্ষম। রজোগুণ সৃষ্টির কারণ তমোগুণের মল অংশময় দৈত্যদ্বারা ধ্বস্ত হইবার উপক্রম হইলে আর সৃষ্টি হইতে পারিবে না। পরন্তু সৃষ্টিলোপ পাইবে এই আশঙ্কায় রজোগুণময় স্রষ্টার আন্তরিক চেষ্টায় সত্ত্বের মোহ দূরীভূত হইলে সত্ত্বগুণময় ভগবান্ তমের মলঅংশরূপদৈত্য ধ্বংসপূর্ব্বক সৃষ্টি রক্ষার উপায় করিলেন।

দেহস্থিত সাঙ্গ সৌরতেজঃ (সত্ত্ব) স্বীয় শক্তিতে দেহস্থিত বায়ুদিগকে পরিচালিত করিয়া কার্য্য করিতেছে। নিশ্বাস-প্রশ্বাস (রজঃ) সেই তেজে অনুপ্রাণিত হইয়া আছে। তেজঃশূন্য হইলে এই জড় দেহ পচিতে বা নষ্ট হইতে আরম্ভ হয়। এই দেহমধ্যস্থিত একমাত্র অব্যক্ত তেজঃ আমাদের আমিত্ব রক্ষা করিতেছে, প্রাণাদিবায়ুদিগকে কার্য্য করাইতেছে। আহারাদির দোষে এই তেজঃ ক্ষীণ বা দুর্ব্বল হইলে আমাদের পীড়া হয়। বালকদিগের হঠাৎ পীড়া হইলে লোকে বলে দুষ্ট লোক বা ডাইন্ দৃষ্টি দিয়াছে। যাহা হউক, জল পড়া দিলে সে বালক আবার সুস্থ হয়। কোন সুস্থ, সবল, জিতেন্দ্রিয় ব্যক্তি মন্ত্র পড়িয়া স্বীয় বিদ্যুৎশক্তি জলে দিয়া পীড়িত বালককে সেই জল পান করায়, কেহ বা বালকের গায়ে হাত বুলাইতে

বুলাইতে স্বীয় শক্তি প্রয়োগে বালককে নিরাময় করে। যে কোন কারণে বালকদিগের দেহস্থ তেজঃ হীনশক্তি হইলে তাহারা অসুস্থ হয়, অন্যের নিকটে সেই শক্তি পাইয়া আবার সুস্থ ও সবল হইয়া উঠে।

সমুদয় জীবগণের সন্তানাদি জন্মের একমাত্র কারণ দেহনির্গত শক্তি বা তেজঃ। উহা সৌরতেজঃসম্ভূত দেহাভ্যন্তর-রস্থ বিদ্যুতের শক্তিতে আবির্ভূত। উহা বিদ্যুতের ন্যায় দুইটী বস্তুর সংঘর্ষণে উৎপন্ন বলিয়া উহার নাম তেজঃ। ঐ তেজের অপব্যবহারে সন্তানাদি হয় না, হইলে ক্ষীণজীবী বা অল্পজীবী হয়। কোন পুণ্যব্রতাদিদিবসে ও জন্মতিথিতে গরম জলে স্নান নিষিদ্ধ। কারণ কৃত্রিম গরমজলে দেহের তেজঃ বিকৃত হয়। পুণ্য পর্ব্বদিনে ও জন্মতিথিতে তাহা করা উচিত নহে। দেহস্থ তেজঃ বা বিদ্যুৎশক্তি সবল রাখিবার জন্য মস্তকে শিখা রাখিবার বা পাগড়ী ও টুপি পরিবার ব্যবস্থা আছে। মস্তিষ্কই বিদ্যুতের প্রধান স্থান। সেজন্য বিদ্যুতের পোষণ করা কর্ত্তব্য। স্বাভাবিক নিয়মে প্রত্যহ স্নান ও মিতাহারে শরীর ও মন সুস্থ থাকিলেই জীবন সবল থাকে। কৃত্রিম উপায়ে তাহা দুর্ব্বল ও নষ্ট হয়। সেইজন্য রোগ হইলে সুবিজ্ঞচিকিৎসকদ্বারা রোগনির্ণয় করাইয়া ঔষধের ব্যবস্থা করা উচিত। যতদূর সম্ভব অল্প পরিমাণে ঔষধ সেবন করিবে। চিকিৎসকের উপদেশ অনু-সারে স্বভাবের উপর নির্ভর করিয়া থাকিলে রোগী শীঘ্র সুস্থ হয়। আনাড়ী চিকিৎসকের ব্যবস্থায় অধিক ঔষধ সেবন

করিলে রোগী মারা যায়। অতএব দেহস্থ বিদ্যুৎ যাহাতে কার্য্যক্ষম থাকে সর্ব্বদা সে বিষয়ে মনোযোগী হওয়া কর্ত্তব্য।

এস্থানে মেস্‌মেরিজমের উল্লেখ অপ্রাসঙ্গিক হইবে না। মেস্‌মেরিজম্‌কারী দুর্ব্বল ব্যক্তিকে স্বীয় বিদ্যুৎশক্তি দ্বারা মন্ত্রমুগ্ধবৎ করিয়া নিজায়ত্ত করিয়া থাকেন। অর্থাৎ তাহার মানসিক শক্তির উপরে সম্পূর্ণ কর্ত্তৃত্ব করিয়া স্বেচ্ছামত অনেক কার্য্য করাইয়া থাকেন। ক্ষীণবিদ্যুৎশক্তি দুর্ব্বল-ব্যক্তির উপরে অধিক বিদ্যুৎশক্তিশালী তেজস্বী জিতেন্দ্রিয় ব্যক্তিই মেস্‌মিরিজম্ করিতে অধিক কৃতকার্য্য হয়েন।

হিংস্র ব্যাঘ্র প্রভৃতি জন্তুরও বৈদ্যুতিক শক্তি বা জীবনী-শক্তি অতি প্রবল। বাঘ মানুষ বা মৃগাদি শীকার করিবার পূর্ব্বে তাহাদিগকে ক্ষণকাল লক্ষ্য করে, যদি তাহাকে দেখিয়া মানুষ বা দুর্ব্বল জন্তুরা ভয়ে পশ্চাৎপদ হয়, বাঘ তৎক্ষণাৎ তাহাকে আক্রমণ করে। যদি কোন ব্যক্তি বাঘ যেরূপ লক্ষ্য করিতেছে, তার দিকে সেইরূপ একদৃষ্টিতে লক্ষ্য করিয়া শারীরিক তাড়িত শক্তির বলে হস্তপদাদি সঞ্চালন পূর্ব্বক চীৎকার করিয়া স্বশক্তি প্রকাশ করে, তাহা হইলে বনের বাঘ বনে পলাইয়া যায়, কখন তাহাকে আক্রমণ করিতে সাহসী হয় না। সার্কাস খেলায় অনেকেই দেখিয়া থাকিবেন যে ক্রীড়ক বাঘকে কিরূপ বিড়ালের মত বশীভূত করিয়াছে।

গ্রামোফোন ও সবাকচিত্রের বিষয় পূর্ব্বেই উক্ত হইয়াছে। এগুলি ব্যোমের (বিদ্যুৎ বায়ুযুক্ত আকাশের) লীলাক্ষেত্র। বিদ্যুৎ (তেজঃ) বায়ু ও আকাশ বা সত্ত্ব, রজঃ তমঃ বিভিন্ন

হইলেও প্রায় একসঙ্গে থাকে ও অনেক সময়েই পরস্পর পরস্পরকে সাহায্য করে।

ইহা পূর্ব্বেই বলিয়াছি যে, গর্ভাশয়ে শোণিত ও তেজঃ বা শুক্র দ্বারা জড় ভ্রূণ উৎপন্ন হইলে তাহার ক্ষুদ্র আকারের মধ্যে যথাকালে অক্সিজেন্‌বাষ্প প্রভৃতির সংযোজনে প্রাণধর্ম্ম বা জীবন সংঘটিত হয়। যেরূপ ঘটপটাদি পবিত্র বস্তু দেবতার অধিষ্ঠান আধার' মন্ত্রদ্বারা প্রাণপ্রতিষ্ঠা করা হইলে দেবতারা সেই পবিত্র আধারে অদৃশ্য ও অজ্ঞাতভাবে উপস্থিত হইয়া যজমানের পূজা গ্রহণ পূর্ব্বক কল্যাণ করেন,ইহা ভক্তলোকের বিশ্বাস। সেইরূপ জড়দেহে প্রাণধর্ম্ম বা জীবন হইবামাত্র সর্ব্বস্থানব্যাপী পরমাত্মা বা পরমব্রহ্ম জীবাত্মরূপে সেই জীবনে আসিয়া অধিষ্ঠান করেন। তখন জীবাত্মার অধীন ইন্দ্রিয়গণও (বহিরিন্দ্রিয় ও অন্তরিন্দ্রিয়) স্ব স্ব শক্তির সহিত সেই সজীব দেহে স্বস্বস্থানে ক্রমে ক্রমে আবির্ভূত হইয়া স্বভাবতঃ (আপ্‌না-আপ্‌নি) নিজ নিজ কার্য্য করিতে প্রবৃত্ত হয়। সংক্ষেপে বলিতে গেলে সৌরতেজঃ—যাহা হইতে ইলেক্‌ট্রন্‌ বাহির হইতেছে, পৃথিবী সন্নিহিত বায়ুময় আকাশে যাহা পরিব্যাপ্ত হইয়া আছে, সেই সাঙ্গ সৌরতেজই জীবন। সূর্য্যের একটী নাম সহস্ররশ্মি। তাহার মধ্যে কতক রশ্মি বা কিরণ আবিষ্কৃত হইয়াছে, এখনও অনেক রশ্মি আমাদের জ্ঞানের নিকটে অনাবিষ্কৃত অবস্থায় আছে। সেই সৌরতেজঃ বাহ্যআকাশ ও দেহমধ্যস্থিত আকাশে সর্ব্বত্র অব্যক্ত ও ব্যক্তভাবে বিরাজমান। সেই তেজ আত্মোৎপন্ন ইলেকট্রনের বলে আত্মোৎপন্ন অকসিজেন্

প্রভৃতি বাষ্পগুলিকে গর্ভাশয়স্থ ক্ষুদ্র জীব বা ভ্রূণের মধ্যে প্রদান করিয়া যথাযথভাবে সেই বাষ্পগুলি একত্র মিলিত করিয়া আমাদের জীবন সৃষ্টি করেন। তাই সেই সৌরতেজই নিজ বৈদ্যুতিক তরঙ্গে বাষ্পগুলির সংযোজন দ্বারা জীবগণের জীবনরূপে পরিণত হইয়াছে, ইহাপ্রমাণিত হইল।

Every one is familiar with the fact that when the surface of a body illuminated for some time by a ray of sun-light the temperature of the body is raised. It may be shown that the sun is the only ultimate source of heat which is of much importance to us on the earth. It has often been pointed out that the heat obtained from burning coal is derived from energy originally stored up under the action of sunlight by the plant from which coal was formed. We are entirly dependent on the heat which is derived, either directly or indirect from the sun. (Heat, page 436) ভাবার্থ, সকলেই জানেন যে কোন বস্তু রৌদ্রে থাকিলে উহার উপরিভাগ উত্তপ্ত হয়। সূর্য্যই উত্তাপের মূলকারণ। ঐ উত্তাপ বা তেজঃ এই সৌরজগতে সকল প্রাণীর উপকারী বলিয়া অবশ্য সেবনীয়। প্রজ্বলিত কয়লা হইতে আমরা যে উত্তাপ পাই তাহার মূলেও সেই সৌরতেজঃ। কয়লার উপাদান কারণ বৃক্ষলতাদি বহুকাল পূর্ব্ব হইতে সূর্য্যের সেই তেজঃ সংগ্রহ করিয়া রাখিয়াছিল। এইরূপে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উত্তাপপ্রাপ্তি বিষয়ে আমরা সূর্য্যের নিকটেই সম্পূর্ণঋণী।

বহুকাল পূর্ব্বে নেপোলিয়ান সেন্তহেলেনাতে তাঁহার সঙ্গীদিগকে এই কথা বলিয়া বিস্মিত করিয়াছিলেন। On one occation he (Napoleon) astonished his companions at St. Helena by breaking out, "Were I obliged to have a religeon I would worship the sun, the source of all life, the real God of the Earth."

ভাবার্থ···'আমি ধর্ম্মগ্রহণে বাধ্য হইলে সকল জীবনের কারণ এই পার্থিব জগতের ঈশ্বর সূর্য্যদেবকে পূজা করিব।'

৫

ব্যাক্‌টিরিয়াম্ অতিক্ষুদ্র জীবাণু, অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ব্যতিরেকে তাহাদিগকে আমরা দেখিতে পাই না। ঐ সকল ক্ষুদ্র জীবাণু জন্মিবামাত্রই আহারান্বেষণে ব্যস্ত হয়, কোন কারণে ভয় পাইলে পলাইয়া যায়, সজাতীয় জীবাণু উৎপাদন করিয়া দলবৃদ্ধি করিতে চেষ্টা করে। যখন এই ক্ষুদ্র জীবাণুর জন্মাবধি এরূপভাব স্বাভাবিক দেখা যাইতেছে, তখন মানুষ ও পশুপক্ষী সকলের গর্ভাশয়মধ্যে ভ্রূণের দেহে অক্সিজেন্ প্রভৃতি বাষ্পের সংযোজক সাঙ্গ সৌরতেজঃ জীবনরূপে পরিণত হইলে জীবাণুদিগের ন্যায় ইহাদের ও যে সেই সমুদয় ভাব আপনাআপনি জাগরূক হয় তাহা বলা বাহুল্য। জীবনধর্ম্ম-সম্পন্ন হইলেই জীবাত্মা অব্যক্ত-কারণে একাদশ ইন্দ্রিয়ের সহিত সেই সজীব

দেহে আসিয়া অধিষ্ঠান করেন। সেই সময়েই বৃদ্ধিপ্রবৃত্তিসকল ক্রমে ক্রমে হইতে থাকে। সেই ভ্রূণ যথাকালে শিশুরূপে ভূমিষ্ঠ হইলে কাঁদে। মুখের মধ্যে মধুদিলে খায়। খাবার জন্য কাঁদিলে মাতার স্তন্য দুগ্ধ খাইয়া চুপ করে। ঐ বালক ক্রমে দিন দিন যত বড় হয়, ভয় পায়, হাস্য করে, পরে কথা কহিতে আরম্ভ করে। এবং ক্রমে ক্রমে বুঝিতে ও চিন্তা করিতে সমর্থ হয়।

জীবন হইলেই অব্যক্তকারণে বা পরমেশ্বরের ইচ্ছায় অন্যান্য সকল ভাবই আপনা-আপনি (instinct) দেহমধ্যে আবির্ভূত হয়। ইন্দ্রিয়সকল ও ক্রমে নিজ নিজ কার্য্যে প্রবৃত্ত হয়। ১১টী ইন্দ্রিয়,—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয় : বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ পাঁচটী কর্ম্মেন্দ্রিয় ও মন অন্তরিন্দ্রিয়। বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত উক্ত মনের অবস্থা-ন্তরমাত্র। সঙ্কল্পবিকল্পাত্মক অন্তরিন্দ্রিয় মন, নিশ্চয়াত্মক মন বুদ্ধি বা মহত্তত্ত্ব, বোধাত্মক মন চিত্ত, অহং-ভাববোধক অভি-মানাত্মক মন অহঙ্কার। অন্তরিন্দ্রিয়-মনদ্বারা পরিচালিত হইয়া ইন্দ্রিয় সকল স্ব স্ব কার্য্য করে। জীবন হওয়ার পর দেহায়-তনের বৃদ্ধির সহিত ইন্দ্রিয়শক্তি বৃদ্ধি প্রাপ্ত হইলে এবং ক্রমে ক্রমে স্ব স্ব কার্য্য করিতে থাকিলে জীবাত্মা বা জীবনযুক্ত দেহী সকল কার্য্যের ফল ভোগ করেন। অতএব অক্সিজেন্ প্রভৃতি বাষ্পসকলের একমাত্র-একত্র-সংযোজক সাঙ্গ (সবিদ্যুৎ) সৌরতেজই জীবন প্রমাণিত হইল।

এক্ষণে জীবনবিষয়ে পাশ্চাত্য বৈজ্ঞানিক সাহেব প্রবরদিগের

কিরূপ মত প্রদর্শন করিব। Dr P. C. Mitchell, M. A. T. R. S., D. Sc. L. L. D জীবনবিষয়ে এনসাইক্লোপিডিয়া বৃটানিকায় এইরূপ লিখিয়াছেন —

E. Pflüger has argued that the analogy between living protein and the compound of cyanogen are so numerous that they suggest cyanogen as the starting point of protoplasm. Cyanogen and its compounds so far as we know, arise only in a state of incandescent heat. Pflüger suggests that such compounds arose when the surface of the earth was incandescent, and that in the long process of cooling, compounds of cyanogen end hydrocarbons passed into living protoplasm by such processes of transformation and polymerization as are familiar in the chemical groups in question, and by the acquisition of water and oxygen. His theory is in consonance with the interpretation of this structure of protoplasm as having behind it a long historical architecture and leads to the obvious conclusion that if protoplasm be constructed artificially it will be by a series of stages and that the product will be simpler than any of the existing animals or plants.

Until greater knowledge of protoplasm and particularly of protied has been acquired, there is

no scientific room for the suggestion that there is a mysterious factor differentiating living matter from other matter and life from other activities. We have to scale the walls, open the windows and explore the castle before crying out that it is so marvellous that it must contain ghosts.

As may be supposed, theories of the origin of life apart from doctrines of special creation or of a primitive and slow spontaneous generation are mere fantastic speculations. The most striking of these suggests an extra-terrestrial origin. H. E. Richter appears to have been the first to propound the idea that life came to this planet as cosmic dust or in meteorites thrown off from stars and planets. Towards the end of the 19th century Lord Kelvin (then Sir W Thompson) and H. Von Helmholtz independently raised and discussed the possibility of such a ı origin of terrestrial life, laying stress on the presence of hydro-carbons in meteoric stones and on the indications of their presence revealed by the spectra of the tails of comets. W. Preyer has criticized such views, grouping them under phrase "Theory of cosmozoa" and hss suggested that living matter preceded inorganic matter. Preyer's view, however, enlarges the conception of life until it can be applied to the phenomena of

incandescent gases and has no relation to deas of life derived form observation of the living matter we know.

"From the point of view of exact science life as associated with matter, is displayed only by living bodies,—by all living bodies and is what distinguishes living bodies from bodies that are not alive. Herbert Spencer's formula that life is "that continuous adjustment of internal relations to external relations"—was the result of a profound and subtle analysis, but omits the fundamental consideration that we know life only as a quality of and in association with living matter.

* * * *

"Protoplasm, the living material contains only a few elements, all of which are extremely common and none of which is peculiar to it. These elements, however, form compounds characteristic of living substance and for the most part peculiar to it. Protied, which consists of carbon, hydrogen, nitrogen, oxygen and sulphur, is present in all protoplasm, is the most complex of all organic bodies and, so far, is known only from organic bodies.

We attain, therefore, our first generalized description of life as the property or peculiar quality of a substance composed of none but the more common elements, but of these elements grouped in various ways to form compounds ranging from protied, the most complex of known substances to the simplest salts.

Life is not a sum of the qualities of the chemical elements contained in protoplasm, but a function first of the peculiar architecture of the mixture, and then of the high complexity of the compounds contained in the mixture. The qualities of oxygen and hydrogen, and still less can we expect to explain the qualities of life without regard to the immense complexity of the living substance.

ভাবার্থঃ—শ্রীযুক্ত ই ফ্লুগার বলেন সিয়ানোজেন (একভাগ নাইট্রোজেন ও আর একভাগ কারবন্ রাসায়নিক উপায়ে সম্মিলিত একরূপ যৌগিক পদার্থ) ই ক্রমে জীববীজের কারণ হইয়াছে। এই সিয়ানোজেন শ্বেতবর্ণ-বাষ্পীয়-উত্তাপ-সংযোগেই উৎপন্ন হইয়া থাকে। তাঁহার মতে পৃথিবীর উপরিভাগের তাপ-অবস্থার সময়েই জীববীজের প্রথম উৎপত্তি হইয়াছিল। পৃথিবী ক্রমে শীতল হইতে থাকিলে ঐ সিয়ানোজেন্ রাসায়নিক পরিবর্ত্তনে ও জলাদির সংযোগে জীববীজে পরিণত হয়। জীববীজ

ও প্রোটীন সম্বন্ধে বৈজ্ঞানিক তথ্যাদি আরও অধিকপরিমাণে পরিজ্ঞাত না হওয়া পর্যান্ত জীবন যে একটি অপার্থিব পদার্থ বৈজ্ঞানিকেরা ইহা সম্পূর্ণরূপে স্বীকার করিবেন না। শ্রীযুক্ত এইচ, ই রিচ্টার (H. E. Richter) এর মতে সূর্য্য ও অন্যান্য গ্রহনক্ষত্রাদির তেজঃ হইতে বিশ্লিষ্ট উল্কাপিণ্ডের সহিত এই পৃথিবীতে জীবনের আবির্ভাব হইয়াছে। ১৯ শতাব্দীর শেষে লর্ড কেলভিন্ (তৎকালে সার ডব্লিউ থম্সন্), এবং এইচ্ ভন হেলম্হোলট্জ ধূমকেতুর পুচ্ছভাগে ঐরূপ উল্কা আছে, শ্রীযুক্ত রিচ্টার সাহেবের এই মত পোষণ করেন। শ্রীযুক্ত ডব্লিউ প্রেয়ারের মতে প্রথমে জীবনযুক্তপদার্থসমূহের আবির্ভাব হয় এবং পরে প্রাণহীন পদার্থের উৎপত্তি হইয়াছে।

বিজ্ঞানমতে দেহের সহিত জীবনের ঘনিষ্ঠসম্বন্ধ আছে। শ্রীযুক্ত হার্বার্ট স্পেন্সারের মতে আভ্যন্তরীণ গুণের সহিত বাহ্যগুণের সমতা রক্ষার যে অবিশ্রাম চেষ্টা তাহাই জীবন। অতি বংসামান্য মৌলিক পদার্থই জীববীজের উপাদান গুলির বিচিত্র-সংমিশ্রণটী কেবল জীবন্ত দেহেই দেখিতে পাওয়া যায়। সকল জীব বীজেই প্রোটীন আছে। সুতরাং জীবন সম্বন্ধে আমাদের প্রথমজ্ঞান এই যে ইহা সামান্য মৌলিক পদার্থসমূহেরই সংযোগ ফল। এই সংযোগের ফলেই অতি জটিল বা দুর্বোধ প্রোটীন্ হইতে লবণজাতীয় সামান্যপদার্থসকলের উৎপত্তি হইয়াছে। যেরূপ জলের গুণ বিশ্লিষ্ট হাইড্রোজেন ও অক্সিজেন্ বাষ্পে পাওয়া যায় না, সেইরূপ অতিজটিল জীবনের গুণসমূহও মৌলিক উপাদান গুলিতে পাওয়া যায় না।

শ্রীযুক্ত এ মী সাহেবের সম্পাদিত Book of Knowledgeএ লিখিত আছে ঃ—

Life was born in the ocean, and the ocean now holds and supports by far the greater number of all the living things upon our earth. The first living things must really have been kinds of plants, because being the first living things, they had nothing but the simplest kind of food to live upon, and plants are the only things that can live these simple kinds of food.

The first living things must have swam ashore--helped, perhaps, by the moon, which makes the tides, so that life, washed ashore by one tide and carried back by another, could grow used to the land without a sudden change.

ভাবার্থ,—সমুদ্রেই জীবনের প্রথম উৎপত্তি; এবং পৃথিবীর সমস্ত জীবন্ত পদার্থের মধ্যে এক্ষণে অধিকসংখ্যকই সমুদ্রে থাকিয়া সম্পোষিত হইতেছে। খুব সম্ভব প্রথমে জীবন্ত পদার্থ গুল্ম জাতীয়ই হইয়াছিল। কারণ, তৎকালে গুল্মজাতীয় জীবন্ত পদার্থেরই জীবন-ধারণোপযোগী যৎসামান্য খাদ্য মাত্র ছিল। জোয়ার ভাটার কারণ চন্দ্রের সাহায্যেই সম্ভবতঃ ঐ পদার্থগুলি সমুদ্রের জল হইতে তীর ভূমিতে আসিয়াছিল। ইহাও অনুমান করা যাইতে পারে যে জোয়ার ভাটার শক্তিতে একবার তীরের দিকে যাইয়া আবার জলে নীত হইয়া ক্রমে ঐ জীবন্ত পদার্থগুলি-গুল্মাদি স্থলের সংস্পর্শে

অভ্যস্ত হইয়াছিল। এবং এইরূপে হঠাৎ আর অন্য কোন পরিবর্ত্তন না হওয়ায় ঐ ক্ষুদ্র গুল্ম হইতে আরম্ভ করিয়া ক্রমে ক্রমে স্থলে নানাজাতীয় জীবন্ত পদার্থের আবির্ভাব হইতে লাগিল।

সমুদ্রের জলেই জীবন্ত পদার্থের প্রথম উৎপত্তি, ইহা কোনও কোনও প্রতীচ্য পণ্ডিতদিগের মত। আবার কয়েকজন প্রাতীচ্য পণ্ডিতেরা বলেন যে পৃথিবীর উত্তাপ অবস্থার সময়েই জীববীজের প্রথম উৎপত্তি হইয়াছিল। আর কেহ কেহ অনুমান করেন যে যেরূপ উল্কাপিণ্ড সৌরগ্রহ হইতে আবির্ভূত, সেইরূপ জীবনও উল্কাদির মত সৌরগ্রহ হইতেই প্রথম আবির্ভূত হইয়াছে। যাহা হউক সৌরতেজই জীবন যাহা আমরা পূর্ব্বে বলিয়াছি, প্রতীচ্যপণ্ডিতদিগের মতেও তাহাই একরূপ সমর্থিত হইল।

অক্সিজেন্ প্রভৃতি বাষ্পসকল, বিদ্যুতের কারণ ইলেক্‌ট্রন্-গুলি, তেজঃ, আলোক, গতিশক্তি ও তরঙ্গসমুদয়, প্রথমে বাষ্পরূপে স্থিত সমুদয় তৈজসপদার্থ, স্বর্ণ, লৌহ, তাম্র প্রভৃতি ধাতু সকল উপাদান বস্তু—এই সকলই ব্যোমের আভ্যন্তরীণ তেজোময় সূর্য্য হইতে সূক্ষ্ম ও অব্যক্তভাবে আবির্ভূত বা প্রকাশিত হইয়া ক্রমে ক্রমে বিভিন্নপদার্থরূপে পরিণত হইয়াছে। ফলতঃ এই সৌরজগতে সূর্য্যই সকল পদার্থের একমাত্র আবিষ্কর্ত্তা বা মুখ্য-কারণ। ধাতু-সকল তেজ হইতে উৎপন্ন বলিয়া থালা, ঘটি, বাটি প্রভৃতি ধাতুময় দ্রব্যসকল এখনও তৈজসপাত্র বলিয়া অভিহিত হয়।

Atomic Theory বা ন্যায়শাস্ত্রানুমোদিত পরমাণুবাদ এক্ষণে সম্পূর্ণ সত্যরূপে প্রমাণিত হইতেছে। সকল পদার্থ পরমাণুসমষ্টিমাত্র। প্রত্যেক পদার্থের পরমাণুগুলি সৌর তেজঃ বা বৈদ্যুতিক শক্তির বলে পৃথক করা যায়। বেতারবার্ত্তাপ্রেরণ ও টেলিগ্রাফিতে আলোকশক্তির চলাচলের মত বৈদ্যুতিকশক্তির সাহায্যে ঈথার বা ব্যোমের মধ্যে যেরূপ তরঙ্গ সৃষ্ট হয়, এবং রিসিভিং ষ্টেসনে যন্ত্রসাহায্যে ঐ তরঙ্গকে আবার যেরূপ বিদ্যুৎ শক্তিতে পরিণত করা যায়, সেইরূপ দৃশ্যমান সকল পদার্থের পরমাণু সৌরতেজ বা বিদ্যুতের সাহায্যে বিশ্লেষিত ও পুনরায় সংযোজিত করা যাইতে পারে। গতিশক্তিতরঙ্গ সকল তৈজস পদার্থেই আছে তাই জার্ম্মান দেশীয় আইনষ্টিন, সাহেব বিদ্যুতের সাহায্যে সোণার পরমাণু বিশ্লেষিত করিয়া গতিশক্তিআবিষ্কার-পূর্ব্বক বহ্নিজলোৎপন্নবাষ্পব্যতিরেকেও যাহাতে সেই শক্তি দ্বারা ট্রেণ অল্প ব্যয়ে ও অতি দ্রুত চলিতে পারে তাহার চেষ্টা করিয়াছেন। পরমাণুর সংযোগ ও বিয়োগ দ্বারা স্বর্ণকে লৌহ ও লৌহকে স্বর্ণ করা যাইতে পারে, তাহার চেষ্টাও হইতেছে। সকল বস্তুই যখন সূক্ষ্ম-অব্যক্ত পরমাণু সমষ্টিময় তখন সকল বস্তুই সকল বস্তু হইতে পারে। ভারতীয় দর্শনশাস্ত্রের সর্ব্বাত্মক-বাদটী ইহা দ্বারা প্রমাণিত হইতেছে।

৬।

প্রতীচ্য পণ্ডিতদিগের সূর্য্য সম্বন্ধে কয়েকটী কথা প্রদর্শন করিব। আমরা পৃথিবীতে থাকিয়া সূর্য্যতেজ হইতে যতটুকু

অংশ পাইতেছি, তাহা না পাইলে বাঁচিতে পারিতাম না। কারণ পূর্ব্বেই বলিয়াছি যে আমাদের জীবনের ও জীবন ধারণোপযোগী সকল পদার্থের সূর্য্যই একমাত্র মূলকারণ। এই পৃথিবীর উপরে এক সময়ে যদি সকল সূর্য্যতেজ আসিয়া পড়িত, সাগর পর্ব্বতাদির সহিত এই পৃথিবী এক মুহূর্ত্তেই সৃষ্টির পূর্ব্বের মত গ্যাস বা বাষ্পে পরিণত হইত। এরূপ অনেক রাসায়নিক (কেমিক্যাল) বস্তু আছে একমাত্র সৌরতেজঃ বা বিদ্যুৎ ভিন্ন কোনরূপে তাহার বিশ্লেষণ করা যায় না। তাই এক্ষণে জার্ম্মান দেশীয় আইনষ্টিন সাহেব সৌরতেজ বা বিদ্যুতের শক্তিতে সোণার পরমাণু বিশ্লেষণ করিতে চেষ্টা করিতেছেন ইহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। বৈজ্ঞানিকবর শ্রীযুক্ত Gallelio গ্যালিলিও সাহেব বলিয়াছেন যে লৌহাদি ধাতুতে যে চুম্বকশক্তি আছে, তাহাও দূরস্থ সৌরতেজদ্বারা সম্পাদিত।

পৃথিবী সূর্য্য হইতে আবির্ভূত হওয়াতেই ইহার নিম্নভাগ (যেখানে শীতল বাতাস প্রবাহিত হইতে পারে না) এখনও উত্তপ্ত ও তরল অবস্থায় আছে। উপরিভাগ শীতল বায়ুর সংস্পর্শে ক্রমে শীতল ও কঠিন হইয়াছে। পৃথিবী সূর্য্যসম্ভূতবলিয়া সূর্য্যে বা সৌরগ্রহমধ্যে যে সকল ধাতু ও প্রস্তরাদি আছে পৃথিবীর মধ্যেও সেই সকল আছে। নিম্নস্থিত তরল উষ্ণ পদার্থ সৌর-তেজের শক্তিতে অতিশয় উষ্ণ হইলে বহির্গত হয়। যেরূপ জল বেশী উষ্ণ হইলে ফুটিয়া পাত্র হইতে বাহিরে পড়ে, উষ্ণ দুধ ফুটিয়া কড়া হইতে পড়ে, সেইরূপ অভ্যন্তরস্থ তাপ অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইলে পৃথিবীর নিম্নস্থ উষ্ণপদার্থসকল বেগে

উপরিভাগে উত্থিত হয়। কখন জলাকারে উঠিয়া উষ্ণপ্রসবণ-রূপে বাহির হয়, কখন বা প্রস্তরকর্দ্দমবাষ্প-অগ্নিরূপে বাহির হইয়া আগ্নেয়গিরির কার্য্য করে। উষ্ণ ও শীতপ্রস্রবণ ও আগ্নেয়গিরির সৌরতেজই কারণ। উল্কাপিণ্ডেরও সূর্য্যতেজই কারণ। লৌহ, তাম্র, টিন প্রভৃতি প্রায় ১২।১৩টী পদার্থ উল্কাপিণ্ডে আছে। পৃথিবীতে যে বস্তু নাই উল্কাপিণ্ডেও তাহা নাই। খনিতে বিশুদ্ধ ধাতু পাওয়া যায় না, অথচ উল্কাপিণ্ডে তাহা পাওয়া যায়। উল্কাপিণ্ড সৌরগ্রহ হইতে উৎপন্ন, পৃথিবী হইতে নহে। ইহাদ্বারা অনুমান করা যাইতে পারে যে সৌর-গ্রহাদির মধ্যে ও পার্থিব বস্তু সকল আছে। উল্কাপিণ্ডও সূর্য্যকে প্রদক্ষিণ করে। প্রদক্ষিণ করিতে করিতে পৃথিবীর সন্নিহিত হইলে মাধ্যাকর্ষণী শক্তিতে পৃথিবীর উপরে পতিত হয়। প্রতীচ্য-পণ্ডিতদিগের মতে সূর্য্য সকল দৃশ্যমান তারকা মণ্ডলের রাজা, কিন্তু গ্রহ নহে;—সূর্য্যকে যাহারা প্রদক্ষিণ করে তাহারাই গ্রহ। প্রাচ্য পণ্ডিতদিগের মতে সূর্য্যও একটি অন্যতম গ্রহ। বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, হর্শেল ও নেপ্চুন প্রভৃতি গ্রহ সূর্য্যমণ্ডলের নিকট হইতে উত্তরোত্তর দূরে থাকিয়া সূর্য্যের চারিদিকে পরিভ্রমণ করিতেছে। চন্দ্র (প্রতীচ্যপণ্ডিত-দিগের মতে উপগ্রহ, প্রাচ্য পণ্ডিতদিগের মতে গ্রহ) পৃথিবীকে পরিভ্রমণ করে। অন্যান্য গ্রহেরও অনেক উপগ্রহ আছে। ধূমকেতু জ্যোতিষ্কপদার্থ সূর্য্যতেজে অধিক জ্যোতিষ্মান্ হইয়া পরিভ্রমণ করে। উপরিকথিত গ্রহ-উপগ্রহাদির কিরণ বা তেজঃ অল্পাধিক পৃথিবীর উপরে পড়িতেছে।

সূর্য্যের আকার ও গঠন সম্বন্ধে প্রতীচ্য পণ্ডিতগণ এইরূপ মত প্রকাশ করেন। সূর্য্যদেহ আয়তনে প্রায় ১০দশ লক্ষাধিক ভূলোকের সমান। তবে ঘন (নিরেট) ভূপিণ্ডে যে পরিমাণ পদার্থ আছে সূর্য্যদেহে সে পরিমাণ পদার্থ নাই। সূর্য্যদেহ পিণ্ডটী একটী ফাঁপা বৃহৎকায় তেজোময় বাষ্পগোলক মাত্র। ভূমণ্ডলের উপরে যেরূপ বায়ুমণ্ডল আছে, সূর্য্যদেহের উপরে সেইরূপ বায়ুমণ্ডল আছে। তবে পৃথিবীর বায়ুমণ্ডলের মত সূর্য্যের বায়ুমণ্ডল নহে। সূর্য্যের বায়ুমণ্ডল নানাবিধ হাল্কা গ্যাস বাষ্পের স্তর মাত্র পৃথিবীতে আমরা যে সকল পদার্থ উপভোগ করিতেছি ও প্রত্যক্ষ করিতেছি সেই সকল পদার্থের অতিসূক্ষ্ম পরমাণু বাষ্পরূপে সূর্য্যে ও সৌরগ্রহে বিরাজমান। অবিশ্রান্ত বর্ণনাতীত দ্রুতবেগে চক্রাকারে সূর্য্য ঘুরিতেছে, ইহার (সূর্য্যের) কেন্দ্রভাগে বা কাঠামোতে পরমাণু হইতে ইলেকট্রন্‌গুলি সর্ব্বদা সংগৃহীত হইতেছে, আবার সেই বিদ্যুতের কারণ ইলেকট্রন্‌গুলি প্রতি সেকেণ্ডে প্রায় লক্ষবার সূর্য্যকেন্দ্র হইতে খসিয়া বাহির হইয়া আসিতেছে। বলা বাহুল্য দৃশ্যমান সকল বস্তুর বাষ্পাকারে উপাদান ও বহুল ইলেক্‌ট্রন্ পুঞ্জই সূর্য্যবিম্বের কেন্দ্র বা কাঠাম। সূর্য্য ও সৌরগ্রহাদির উৎপত্তির পূর্ব্বে এই নীহারিকাময় আকাশে ইহাদের (সূর্য্যাদির) দেহ কেবল ইলেক্‌ট্রন্ (electron) ও প্রটন্ (proton) সমষ্টিময় ছিল। ইলেক্‌ট্রন্ ও প্রটন ঘনীভূত তেজঃশক্তি ভিন্ন আর কিছু নহে। পরমাণুমাত্রই প্রভূত তেজঃশক্তির আধার। সর্ব্বশক্তিময় পরমেশ্বরের ইচ্ছা ভিন্ন মানুষে স্বচেষ্টায় এ পর্য্যন্ত পরমাণুর সেই শক্তি আবিষ্কার ও

করায়ত্ত করিতে পারে নাই। অনেক বিষয় মানুষের অজ্ঞাত থাকিলেও প্রকৃতির নিকটে তাহা অজ্ঞাত নাই। তাই সূর্য্যগর্ভে এই আণবিক শক্তি অনবরত তেজোরূপে বিচ্ছুরিত হইতেছে। এবং পরমাণু ধ্বংসজাত সেই তেজঃ বা শক্তিই সূর্য্যের তেজঃ আলোক ও শক্তির মূল কারণ তাহাতে আর সন্দেহ নাই।

সূর্য্য সম্বন্ধে প্রতীচ্য পণ্ডিতদিগের মত সংক্ষেপে বলিলাম। কিন্তু প্রাচ্য পণ্ডিতেরা সবিতাদেবকে পরমব্রহ্মের স্বরূপ গ্রহরাজ ও জীবনের জীবন ধারণোপযোগী পদার্থ সমূহ এবং সকল তেজঃ আলোক গতি ও শক্তির একমাত্র কারণ ও সর্ব্বরোগনাশক বলিয়া জানেন। এইজন্য গায়ত্রীদ্বারা তাঁহার সেই বরেণ্য তেজকে নিত্য উপাসনা করিতে উপদেশ দিয়াছেন।

এক্ষণে উপসংহারে আমাদের প্রাচীন উপনিষৎ হইতে এই প্রবন্ধের পোষক কয়েকটী স্থান উদ্ধৃত করিয়া পাঠকদিগকে উপহার দিব।

অথ কবন্ধী কাত্যায়ণ উপেত্য পপ্রচ্ছ, ভগবন্! কুতো হ বা ইমাঃ প্রজাঃ প্রজায়ন্তে ইতি। ৩। একবৎসর ব্রহ্মচর্য্য করিয়া কবন্ধী কাত্যায়ণ ভগবান্ পিপ্পলাদ মহর্ষির নিকটে আসিয়া জিজ্ঞাসা করিলেন, ভগবন্! এই উৎপত্তিশীল জীবগণ কোথা হইতে জন্মলাভ করে?

তস্মৈ স হোবাচ—প্রজাকামো হ প্রজাপতিঃ স তপোঽত-প্যত, স তপস্তপ্ত্বা স মিথুন মুৎপাদয়তে রয়িঞ্চ প্রাণঞ্চেতি এতৌ মে বহুধা প্রজাঃ করিষ্যত ইতি। তিনি (পিপ্পলাদ) কবন্ধীকে বলিলেন, প্রজাপতি নিজ করণীয় প্রজা সৃষ্টি করিতে ইচ্ছুক

হইয়া অর্থাৎ কামি সর্ব্বাত্মক প্রজাপতি হইয়া জগৎ সৃষ্টি করিব এই প্রকার জ্ঞানসম্পন্ন যথার্থ কর্ম্মকারী তদ্ভাব-ভাবিত অর্থাৎ পূর্ব্বকল্পের সেই প্রজাপতি ভাবনাযুক্ত আত্মাই বর্ত্তমান কল্পের আদিতে হিরণ্য গর্ভরূপে আবির্ভূত হইয়া সৃষ্টি বিষয়ে তপস্যা করিয়াছিলেন, অর্থাৎ চিন্তাদ্বারা তদ্বিষয়ক পূর্ব্ব সংস্কারকে উদ্‌বোধিত করিয়াছিলেন। পরে তপস্যা করিয়া শাস্ত্র বিজ্ঞানের পর্য্যালোচনা পূর্ব্বক সৃষ্টির সাধন বা সহায় রয়ি ও প্রাণ অর্থাৎ চন্দ্ররূপ অন্ন এবং প্রাণ আদিত্য (অগ্নিরূপ) ভোক্তা অর্থাৎ এই উভয় মিথুন সৃষ্টি করিলেন। এই ভোক্তা ও ভোজ্য বা অন্নস্বরূপ অগ্নিষোম সূর্য্য ও চন্দ্র বহুরূপে আমার প্রজাগণকে সৃষ্টি করিবে, এইরূপ চিন্তা করিয়া ব্রহ্মা অগ্রে ব্রহ্মাণ্ড সৃষ্টি করিয়া সূর্য্য ও চন্দ্র সৃষ্টি করিলেন।

আদিত্যো হ বৈ প্রাণো রয়িরেব চন্দ্রমাঃ। ৫। সূর্য্যই প্রাণ ভোক্তা অগ্নিস্বরূপ, এবং চন্দ্রই রয়ি অর্থাৎ সোম অন্নস্বরূপ। এক তেজের তিনটি অবস্থা আধিদৈবিক সূর্য্য, আধিভৌতিক অগ্নি, ও আধ্যাত্মিক জঠরাগ্নি, (উষ্মা) যিনি প্রাণ অপানের সহযোগে ভুক্ত অন্ন প্রভৃতি দ্রব্য পরিপাক করেন। জীবভোজ্য যাবতীয় সমস্তই চন্দ্র কিরণে পরিপুষ্ট হয় এই জন্য চন্দ্র ভোজ্য, এবং অন্ন ধনলভ্য বলিয়া রয়ি অর্থে অন্ন বলা হইয়াছে।

অথাদিত্য উদয়ন্ যৎ প্রাচীং দিশং প্রবিশতি তেন প্রাচ্যান্ রশ্মিষু সন্নিধত্তে যদ্দক্ষিণাং, যৎ প্রতীচীং যদুদীচীং, যদধঃ, যদূর্দ্ধং, যদন্তরা দিশঃ, যৎ সর্ব্বং প্রকাশয়তি, তেন সর্ব্বান্ প্রাণান্ রশ্মিষ্ সন্নিধত্তে। আদিত্য পূর্ব্ব দক্ষিণ পশ্চিম উত্তর অধঃ উর্দ্ধ ও

মধ্য দিকে উদিত হইয়া কিরণ দ্বারা যে সকল বস্তু প্রকাশ করেন, তাহা দ্বারা সকল প্রাণকে স্বীয় কিরণে সংবদ্ধ করেন। অর্থাৎ আপনার ন্যায় সকল প্রাণকে তেজস্বী বা প্রকাশমান করিয়া থাকেন।

স এব বৈশ্বানরো বিশ্বরূপঃ প্রাণোহগ্নিরুদয়তে। তদেতদ্ ঋচাভ্যুক্তম্।—৭।

বিশ্বরূপং হরিণং জাতবেদসং পরায়ণং জ্যোতিরেকং তপন্তম্। সহস্ররশ্মিঃ শতধা বর্ত্তমানঃ প্রাণঃ প্রজানামুদয়ত্যেষ সূর্য্যঃ। ৮। সেই আদিত্যরূপে উক্ত সেই সর্ব্বজগন্ময় প্রাণ অর্থাৎ আদিত্য-রূপ অগ্নি উদিত হইয়া থাকেন এ বিষয়টী ঋক্ মন্ত্র দ্বারা ও বিশেষ ভাবে উক্ত হইয়াছে। বিশ্বরূপ কিরণশালী সর্ব্বজ্ঞানপ্রদ সমস্ত প্রাণের আশ্রয় প্রধান জোতিঃ অর্থাৎ সমস্ত প্রাণীর অদ্বিতীয় চক্ষুঃস্বরূপ তাপপ্রদ সূর্য্যকে ব্রহ্মজ্ঞ পণ্ডিতেরা বিশেষ রূপে জানেন। ইনি সহস্ররশ্মি প্রাণিভেদে বহুপ্রকারে অবস্থিত এবং প্রজাগনের জীবন—এই সূর্য্য উদিত হইয়া থাকেন।

এই সূর্য্য চন্দ্রের প্রভাবে সম্পাদিত অহোরাত্র সংবৎসরাদি কালরূপ প্রজাপতি ব্রীহি যবাদি অন্ন রূপে অবস্থান করেন।

এইরূপ ক্রমানুসারে সেই কালরূপ প্রজাপতি অন্নতে পরিণত হইলে অন্নই প্রজাপতির কার্য্য করেন। এই অন্ন হইতে প্রজোৎপত্তির কারণ নরবীজ উৎপন্ন হয়। তাহা হইতেই ক্রমে ক্রমে এই সমস্ত প্রজা জন্মলাভ করে।

প্রশ্নোপনিষদে প্রথম প্রশ্নোত্তরে প্রাণই সূর্য্য ও ভোক্তৃস্বরূপে প্রজাপতিও রয়ি চন্দ্র এই মিথুন হইতে কাল ও ব্রীহি যবাদি

অন্ন, ক্রমে বীজ ও তাহা হইতে সকল প্রজা উৎপন্ন, উক্ত হইয়াছে। এই শরীর মধ্যে সেই প্রাণরূপ সূর্য্যের প্রাধান্য দেখাইবার জন্য ভার্গব মহর্ষি—পিপ্পলাদকে জিজ্ঞাসা করিলেন। কত্যেব দেবাঃ প্রজাং বিধারয়ন্তে? কতর এতৎ প্রকাশয়ন্তে? কঃ পুনরেষাং বরিষ্ঠ ইতি? ১৬। কোন দেবতারা স্থাবর জঙ্গম শরীর রূপ প্রজাকে বিশিষ্টরূপে রক্ষা করেন? এবং ইহাদের মধ্যে শ্রেষ্ঠ কে? তখন তিনি বলিলেন, এই প্রসিদ্ধ দেবতা আকাশ বায়ু অগ্নি জল পৃথিবী ও দেহের উপাদান কারণ এই পঞ্চভূতময় কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয় সমূহ নিজ নিজ মাহাত্ম্য-খ্যাপনের জন্য স্পর্দ্ধা পূর্ব্বক বলিতে লাগিল। স্তম্ভ যেরূপ প্রাসাদকে ধরিয়া থাকে, সেই রূপ আমরা কার্য্যকারণ সমষ্টিরূপ দেহকে দৃঢরূপে ধরিয়া রাখি। তাহাদিগকে আদিত্যরূপী শ্রেষ্ঠ প্রাণ বলিল, তোমরা ঐরূপ অভিমান করিও না। কারণ, আমি আপনাকে এই রূপ পাঁচ প্রকারে বিভক্ত করিয়া এই দেহ বিশিষ্টরূপে ধারণ করিয়া থাকি। কিন্তু একথায় তাহারা বিশ্বাস করিল না। তখন আদিত্যরূপ শ্রেষ্ঠ প্রাণ দেহ ত্যাগ করিয়া ঊর্দ্ধে উঠিবার উপক্রম করিলে অন্যান্য সকলে উৎক্রমণে প্রবৃত্ত হইল। পুনরায় শ্রেষ্ঠ প্রাণ স্থির হইলে সকলেই সুস্থির হইয়া সৌরতেজোময় সেই শ্রেষ্ঠ প্রাণকে স্তব করিতে লাগিল।

এষোঽগ্নিস্তপত্যেষ সূর্য্য
এষ পর্জ্জন্যো মঘবানেষ বায়ুঃ।
এষ পৃথিবী রয়িদের্বঃ
সদসচ্চামৃতং চ যৎ।

এই প্রাণ অগ্নি হইয়া প্রজ্বলিত হন, এবং সূর্য্য হইয়া প্রকাশ পান, মেঘরূপে বর্ষণ করেন। ইন্দ্র রূপে দুষ্ট অসুরদিগকে দমনপূর্ব্বক প্রজাগণকে পালন করেন। ইনি বায়ু, ইনি পৃথিবী ও ইনি দ্যোতমান রয়ি (চন্দ্র) রূপে সমস্ত জগতের পোষণ করেন। অধিক কি অসৎ-শরীরধারী (স্থূল), ও সৎ অশরীর (সূক্ষ্ম) এবং দেবতাগণের জীবনের উপায় অমৃতও এই প্রাণ। ২২। জীবাত্মাই জীবন (প্রাণ) ও তিনি সর্ব্বময় ইহাদ্বারা প্রতিপাদিত হইলেন।

প্রজাপতিশ্চরসি গর্ভে ত্বমেব প্রতিজায়সে।
তুভ্যং প্রাণ প্রজা স্থিমা বলিং হরন্তি
যঃ প্রাণৈঃ প্রতিতিষ্ঠসি। ২৩ ॥

হে প্রাণ! তুমিই প্রজাপতি হইয়া গর্ভে বিচরণ কর এবং পিতা মাতার অনুরূপ হইয়া জন্মগ্রহণ কর। তুমিই এক প্রাণ দেহ ও দেহিরূপে সর্ব্বাত্মক হইতেছ। মনুষ্যাদি প্রজাগণ সকলেই তোমারে চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়সকল দ্বারা বলি (ভোগ্যবস্তু) উপহার প্রদান করে। কারণ চক্ষুঃ প্রভৃতি প্রাণ সমুদয়ের সহিত তুমি সমস্ত শরীরে অবস্থিতি কর। তুমি সকলের শ্রেষ্ঠ বলিয়া তোমার উদ্দেশ্যে যে বলি দেয় ইহা যুক্তিযুক্ত। যে হেতু তুমিই ভোক্তা এবং অপর সকলই তোমার ভোজ্য বা ভোগার্হ। ২৩।

ইন্দ্রস্ত্বং প্রাণঃ তেজসা রুদ্রোঽসি পরিরক্ষিতা।
ত্বমন্তরিক্ষে চরসি সূর্য্যস্ত্বং জ্যোতিষাম্পতিঃ॥ ২৫।

হে প্রাণ! তুমি ইন্দ্র, পরমব্রহ্ম, পরমেশ্বর এবং তুমিই স্বীয় শক্তিতে সর্ব্বসংহারক রুদ্র, এবং স্থিতিকালে তুমি আবার শান্তরূপে সর্ব্বতোভাবে জগতের পরিপালক (রক্ষিতা)। তুমি সূর্য্যরূপে অন্তরীক্ষে উদয় ও অস্ত দ্বারা সর্ব্বদা বিচরণ কর এবং তুমিই সমস্ত জ্যোতিরও পতি। ২৫।

যা তে তনূর্ব্বাচি প্রতিষ্ঠিতা, যা শ্রোত্রে যা চ চক্ষুষি।
যা চ মনসি সন্ততা, শিবাং তাং কুরু, মোৎক্রমীঃ। ২৮।
প্রাণস্যেদং বশে সর্ব্বং ত্রিদিবে যৎ প্রতিষ্ঠিতম্।
মাতেব পুত্রান্ রক্ষস্ব শ্রীশ্চ প্রজ্ঞাঞ্চ বিধেহি নঃ। ২৯।

হে প্রাণ! তোমার যে শরীর বাক্যে প্রতিষ্ঠিত, অর্থাৎ বাগিন্দ্রিয়ের কার্য্য করে শ্রবণেন্দ্রিয় ও চক্ষুরিন্দ্রিয়ে প্রতিষ্ঠিত আর যে তনু মনের মধ্যে সর্ব্বদা থাকিয়া সঙ্কল্পাদি করিতেছে তাহাকে অর্থাৎ তোমারই সেই শরীরকে শান্ত কর, উৎক্রমণ করিও না। অর্থাৎ দেহত্যাগ করিয়া যাইও না।

অধিক কি, ইহলোকে যাহা কিছু উপভোগ্য বস্তু, স্বর্গেও যাহা দেবভোগ্য প্রাণই তাহার ঈশ্বর বা রক্ষক। সুতরাং এ সকলই প্রাণের অধীন। অতএব মাতার ন্যায় তুমি, আমাদিগকে পুত্রের ন্যায় পালন কর। এবং আমাদিগের সম্পৎ ও সুবুদ্ধি বিধান কর। ইহাদ্বারা প্রতিপন্ন হইল যে বাক্য প্রভৃতি প্রাণাদিকর্ত্তৃক সংস্তুত সেই ব্রহ্মরূপ সৌরতেজে

অনুপ্রাণিত শ্রেষ্ঠ প্রাণই প্রজাপতিস্বরূপ,—তাহা হইতে পৃথক নহে। ২৮।

অথ হৈনং কৌসল্যশ্চাশ্বলায়নঃ পপ্রচ্ছ,—ভগবন! কুত এষ প্রাণো জায়তে? কথমায়াত্যস্মিন্ শরীরে আত্মানং বা প্রবিভজ্য কথং প্রতিষ্ঠতে? কেনোৎক্রমতে? কথং বাহ্য মভিধত্তে? কথমধ্যাত্মমিতি? ৩০।

অনন্তর কোসল বংশীয় আশ্বলায়ন ইহাঁকে (পিপ্পলাদকে) জিজ্ঞাসা করিলেন, ভগবন্! এই প্রাণ কোথা হইতে জন্মলাভ করেন্? কিরূপে এই শরীরে আগমন করেন্? কিরূপেই বা আপনাকে পাঁচভাগে বিভক্ত করিয়া অবস্থান করেন্? কিরূপে দেহ হইতে বহির্গত হন্? এবং কি প্রকারেই বা বাহ্য অধিভূত ও অধিদৈবত এবং অধ্যাত্ম দেহেন্দ্রিয়াদি বিষয়কে ধারণ করেন্? ৩০।

তস্মৈ স হোবাচ অতিপ্রশ্নান পৃচ্ছসি, ব্রহ্মিষ্ঠোঽসীতি, তস্মাত্তেঽহং ব্রবীমি। ৩১।

তিনি তাঁহারে বলিলেন তুমি অতিদুর্জ্ঞেয় কঠিন প্রশ্ন জিজ্ঞাসা করিতেছ। তুমি অতিশয় ব্রহ্মজ্ঞ বলিয়া আমি হৃষ্টমনে তোমাকে বলিতেছি। ৩১।

আত্মন এষ প্রাণো জায়তে। যথৈষা পুরুষে ছায়া, এতস্মিন্নেতদাততং, মনোকৃতেনায়াত্যস্মিন্ শরীরে। ৩১।

আত্মা হইতে অর্থাৎ পরমপুরুষ সত্য অক্ষর ব্রহ্ম (পরমেশ্বর) হইতে এই পূর্ব্বোক্ত প্রাণ জন্মগ্রহণ করে। কি প্রকারে তাহা শ্রবণ কর, এবিষয়ে দৃষ্টান্ত এই যে জগতে পুরুষে অর্থাৎ

মস্তকহস্তাদিময় দেহে যেরূপ দেহনিমিত্তক ছায়া উৎপন্ন হয়, সেইরূপ ছায়াস্থানীয় এই অসত্য ভূতপ্রাণ নামক তত্ত্বটীও এই সত্যস্বরূপ ব্রহ্মপুরুষে আতত (অনুগত)। মনঃকৃত ––অর্থাৎ মানস সঙ্কল্প ও ইচ্ছাদির দ্বারা সম্পাদিত পূর্ব্বজন্মের কর্ম্ম অনুসারে ছায়ার ন্যায় এই শরীরে আগমন করিয়া থাকে। শ্রুতিতে আছে যে পুণ্যদ্বারা পুণ্যলোক প্রাপ্ত হইয়া থাকে, যে কোনও বিষয়ে আসক্ত পুরুষ কর্ম্মসংস্কারসহ তাহাই প্রাপ্ত হইয়া থাকে।

সম্রাট যেরূপ "এই সকল গ্রাম শাসন কর" বলিয়া অধীনকর্ম্মচারীদিগকে নিযুক্ত করেন ঠিক্ সেইরূপ এই বরিষ্ঠ প্রাণ অপর অপান প্রভৃতি প্রাণদিগকে পৃথক্‌পৃথক্‌ভাবে স্বস্ব বিষয়ে নিযুক্ত করিয়া থাকেন। ৩৩।

হৃদয়ে জীবাত্মা বাস করেন। এই হৃদয়ে একশত একটী নাড়ী ও তাহার সূক্ষ্ম শাখানাড়ী অসংখ্য আছে। এই সকল নাড়ীর মধ্যে ব্যানবায়ু বিচরণ করে। আদিত্যমণ্ডল হইতে নির্গত রশ্মিসমূহের ন্যায় হৃদয় হইতে সর্ব্বাবয়ব ব্যাপী নাড়ীসমূহ দ্বারা সমস্ত দেহ ব্যাপ্ত হইয়া ব্যানবায়ু বর্ত্তমান আছে। এই ব্যানবায়ু দ্বারা বীর্য্যসাধ্য সকল কর্ম্ম সম্পাদিত হয়। অপানবায়ু মল-মূত্রাদি নির্গমনের কারণ ও সমান বায়ু ভুক্ত পীতাদি বস্তুর সমতা-কারক রস-রক্তাদিরূপে পরিণত করে। বরিষ্ঠ প্রাণবায়ু চক্ষুঃ ও কর্ণে অবস্থিতি করে। অর্থাৎ রূপরসাদি বিষয়ানু-ভবরূপ দর্শন শ্রবণাদি কার্য্য প্রাণবায়ু দ্বারাই সম্পাদিত হয়। আর উদানবায়ু (তেজোময়) সুষুম্না নাড়ী দ্বারা প্রাণবায়ুর

সহিত ঊর্দ্ধগামী হইয়া পাদতল হইতে মস্তক পর্য্যন্ত বিচরণ করতঃ জীবকে পুণ্যবশতঃ পুণ্যলোকে ও পাপবশতঃ পাপলোকে লইয়া যায়। পুণ্যলোক অর্থাৎ দেবতাদের বাসযোগ্য ভোগের স্থানে লইয়া যায় আর পাপলোক নরক অর্থাৎ পশু-পক্ষী-কীট-পতঙ্গ এমন কি অতিরিক্ত পাপে বৃক্ষ-গুল্ম-লতাদি যোনিও প্রাপ্ত করায়। পাপ ও পুণ্য তুল্য থাকিলে মনুষ্যলোকে লইয়া যায়। ৩৪।৩৫।৩৬।

আদিত্যো হ বৈ বাহ্যঃ প্রাণঃ, উদয়ত্যেষ হ্যেনং চাক্ষুষং প্রাণমনুগৃহ্ণানঃ। পৃথিব্যাং যা দেবতা, সৈষা পুরুষস্যাপানমবষ্টভ্যান্তরা যদাকাশঃ স সমানো বায়ুঃ ব্যানঃ। ৩৭।

প্রসিদ্ধ এই সূর্য্যই বাহ্য অর্থাৎ অধিদৈবত (দেবতাত্মক) প্রাণ, কারণ এই সূর্য্য চাক্ষুষ প্রাণের অর্থাৎ চক্ষুতে অবস্থিত প্রাণের প্রতি আলোক প্রদান দ্বারা অনুগ্রহ করিয়া উদিত হন্। পৃথিবীর অভিমানিনী দেবতার অপান-বায়ু মধ্যবর্ত্তিআকাশস্থ বায়ুর সমান-বায়ু, ও সর্ব্বব্যাপক সাধারণ বায়ু ব্যান-বায়ুর বশীভূত।

উদান-বায়ু লোকপ্রসিদ্ধ তেজঃ, অর্থাৎ আমরা যে পূর্ব্বে সাঙ্গ-সৌরতেজঃ দ্বারা অণুপ্রাণিত জীবনের কথা বলিয়াছি ইহা সেই তেজঃ। উহা যতক্ষণ শরীর মধ্যে থাকে, মানুষ ততক্ষণ সকল কার্য্য করে। এজন্য উপশান্ত তেজঃ (তেজোহীন) হইলে ইন্দ্রিয়বৃত্তিযুক্ত উদানবায়ুরূপ তেজের সহিত প্রাণবায়ু বহির্গত হয়। ৩৮।৩৯।

স যদা তেজসাঽভিভূতো। অত্রৈব দেবঃ স্বপ্নান্ন পশ্যতি তদৈতস্মিঞ্ছরীরে এতৎ সুখং ভবতি। ৪৭।

যখন মনোরূপী দেবতা (জীব) নাড়ীগত চিত্তসংজ্ঞক সৌরতেজ দ্বারা সর্ব্বতোভাবে অভিভূত হয়, অর্থাৎ তাহার পূর্ব্বতন সংস্কার-উদ্বোধের দ্বার নিরুদ্ধ হইয়া যায়, তখন ইন্দ্রিয়-গণের সহিত মনের রশ্মি বা প্রকাশনশক্তি সমূহও উপসংহৃত হইয়া পড়ে। মন যে সময়ে কাষ্ঠগত অগ্নির ন্যায় সামান্য চেতনা শক্তিরূপে সমস্ত শরীর ব্যাপিয়া অবস্থান করে, সে সময়ে জীব সুষুপ্ত হয়। সৌরতেজ দ্বারা দর্শনপথ রুদ্ধ হওয়ায় এই মনোদেবতা (জীব) তখন কোন স্বপ্ন দর্শন করে না, তখন এই মনোমধ্যে এইরূপ সুখ অর্থাৎ ব্রহ্মানন্দ হইয়া থাকে। সেই আনন্দে বিভোর হইয়া জীব সকল বিষয়ে বোধশূন্য হইয়া পড়ে। আমরা পূর্ব্বেই সৌরতেজ দ্বারা প্রাণপ্রাণিত প্রাণের বিষয় বলিয়াছি। আজ উপনিষদ দ্বারাও সেই মত সমর্থিত হইল। উপনিষৎ যেরূপ সকল কার্য্যের কারণরূপে ব্রহ্মের শক্তি উল্লেখ করিয়াছেন জড়বাদীদিগকেও পরে তাহাই স্বীকার করিতে হবে আমার বিশ্বাস। ৪৭।

আদিত্যো ব্রহ্ম ইত্যাদেশঃ। তস্যোপব্যাখ্যানমসদেবেদমগ্র আসীৎ। তৎ সদাসীৎ সমভবৎ—তদাণ্ডং নিরবর্ত্তত, তৎ সংবৎসরস্য মাত্রামশয়ত তন্নিরভিদ্যত। তে আণ্ডকপালে রজতঞ্চ সুবর্ণঞ্চাভবতাম্। সূর্য্যই ব্রহ্ম এই উপদেশ ছান্দোগ্য-উপনিষদে আছে। পূর্ব্বে নামরূপ অপ্রকাশিত থাকায় কোন বস্তু ছিল না অর্থাৎ ইহা অসদ্‌ভাবে ছিল, তাহা সূর্য্যের আবির্ভাবে সদ্‌রূপে প্রকাশিত হইল। সেই সৎ অণ্ডরূপে পরিণত হইল। এক বৎসরকাল সেই অণ্ড থাকিয়া দুই ভাগে

বিভিন্ন হইল। এক ভাগ স্বুবর্ণময় ও অপর ভাগ রজতময় হইল। সুবর্ণ অংশে স্বর্গাদি ও রজত অংশে পৃথিবী হইল। মনুতেও আছে 'তদণ্ডমভবদ্ধৈমং' সহস্রাংশুসমপ্রভম্ তস্মিন্ জজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ'। সেই অণ্ডের অভ্যন্তরস্থিত তেজোময় ভাগ হইতে ব্রহ্মা হইলেন। সমস্ত বস্তুই অব্যক্ত অবস্থায় অতি সূক্ষ্ম ভাবে ছিল, সূর্য্য আবির্ভাবের পরে সকল বস্তু ক্রমে ক্রমে প্রকাশিত হইল। ছন্দোগ্যের ষষ্ঠ অধ্যায়ে লিখিত আছে, সদেব সৌম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়ম্। সৃষ্টির পূর্ব্বে এই জগৎ এক সৎরূপে ছিল। সূর্য্য সকল বস্তুর নামরূপের প্রকাশক বলিয়া সূর্য্যের ব্রহ্মত্বরূপে প্রশংসামাত্র।

বৃহদারণ্যকে আছে 'বিদ্যুদ্ ব্রহ্মেত্যাহুঃ (৩২৬)।

কেহ কেহ বলেন বিদ্যুৎই ব্রহ্ম। কারণ মেঘান্ধকারের ন্যায় পাপান্ধকার খণ্ডন করিয়া (দূর করিয়া) আবির্ভূত হয়, সেই জন্য বিদ্যুৎ ব্রহ্মভাবে উপাস্য। 'সর্ব্বং খল্ব ইদং ব্রহ্ম' আর্য্য-দার্শনিকদিগের যখন এই মত, তখন জ্যোতিষ্মান সূর্য্য ও বিদ্যুৎ ও যে ব্রহ্ম তাহাতে আর আশ্চর্য্য কি ?

তদ্ যৎ সত্যমসৌ স আদিত্যো য এব এতস্মিন্ মণ্ডলে পুরুষঃ, যশ্চায়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষস্তাবেতাবন্যোঽন্যস্মিন্ প্রতিষ্ঠিতৌ, রশ্মিভিরেষোঽস্মিন্ প্রতিষ্ঠিতঃ, প্রাণৈরয়মমুষ্মিন্। স যদোৎক্রমিষ্যন্ ভবতি শুদ্ধমেবৈতন্মণ্ডলং পশ্যতি নৈনমেতে রশ্ময়ঃ প্রত্যায়ন্তি। (বৃহদারণ্যকে ৫ম অধ্যায়, ৫ম ব্রাহ্মণ। ৩৪২।)

প্রথমজ সত্যব্রহ্মই আদিত্য, যেটী এই মণ্ডলমধ্যবর্ত্তী পুরুষ, অর্থাৎ আদিত্যমণ্ডলাধিষ্ঠিত আধিদৈবিক পুরুষ, আর চক্ষুর মধ্যবর্ত্তী অধ্যাত্ম পুরুষ। এই উভয় পুরুষই পরস্পর পরস্পরের আশ্রয়ে অবস্থিত,—আদিত্য পুরুষ রশ্মিদ্বারা ইহার সহিত সম্বদ্ধ, আর চাক্ষুষ পুরুষ প্রাণদ্বারা আদিত্য পুরুষের সহিত সম্বদ্ধ। এই দেহস্বামী পুরুষ (জীব) যে সময়ে উৎক্রমণ করিবে অর্থাৎ আসন্ন মৃত্যুকালে এই আদিত্যমণ্ডলকেই কেবল অর্থাৎ রশ্মিহীন নিষ্প্রভ দেখিতে পায় অর্থাৎ স্বাভাবিক চক্ষে সূর্য্যকে দর্শন করিতে পারে; তখন সূর্য্যের রশ্মিসমূহ আর তাহার নিকটে আইসে না অর্থাৎ চক্ষুর পীড়াদায়ক হয় না। (এরূপ ভাবে সূর্য্যদর্শন আসন্ন মৃত্যুসূচক অরিষ্ট বিশেষ) পারলৌকিক হিত কার্য্য করাইবার জন্য প্রসঙ্গক্রমে এখানে অরিষ্টের কথা উক্ত হইল। যেমন "দীপনির্ব্বাপণে গন্ধং সুহৃদ্‌ বাক্যমরুন্ধতীম্‌। ন গৃহ্ণন্তি ন শৃণ্বন্তি ন পশ্যন্তি গতায়ুষঃ। আয়ুঃ শেষ সময়ে লোকে প্রদীপ নির্ব্বাণোত্থিত গন্ধ পায় না, বন্ধুর ভাল কথা শোনে না, অরুন্ধতী নক্ষত্র দেখিতে পায় না। সেইরূপ সূর্য্যমণ্ডলকে নিস্তেজ দর্শনও একটি অরিষ্ট, ইহা দেখিলে লোকে বুঝিবে যে তাহার মৃত্যুর আর বিলম্ব নাই। সূর্য্যের রশ্মিসমূহ এই চাক্ষুষ পুরুষের প্রতি অনুগ্রহ প্রকাশ করিবার জন্য স্বপ্রভুমণ্ডল পুরুষের কর্ত্তব্য সম্পাদন করিতে পূর্ব্বে আসিত, এখন তাহার সেই কর্ত্তব্য করা শেষ হইয়াছে বলিয়াই যেন তাহারা আর ইহার দিকে আগমন করে না। অতএব এইরূপ পরস্পর উপকার্য্যোপকারক ভাব হইতে বুঝা

যাইতেছে যে আদিত্যপুরুষ ও অক্ষিপুরুষ (প্রাণরূপ) একই সত্যব্রহ্মের দুইটী অংশমাত্র। ৩৪২।

হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্, তত্ত্বং পূষন্নপাবৃণু সত্যধর্ম্মায় দৃষ্টয়ে। পূষন্নেকর্ষে যম সূর্য্য প্রাজাপত্য ব্যূহ রশ্মীন্ সমূহ তেজো যত্তে রূপং কল্যাণতমম্, তত্তে পশ্যামি। ১৫ ব্রাহ্মণ ৪।

জ্ঞান ও কর্ম্মের এক সঙ্গে অনুষ্ঠানকারী ব্যক্তি দেহান্ত সময়ে মনোগত ভাবানুসারে এরূপ ভাবে সূর্য্যের নিকটে প্রার্থনা করেন,—হে পূষন্! জগৎপোষক সূর্য্য! তোমার যে হিরণ্ময় অর্থাৎ সমুজ্জ্বল মণ্ডলরূপ পাত্র দ্বারা সত্যব্রহ্মের মুখ (উপলব্ধির দ্বার) আচ্ছাদিত হইয়া রহিয়াছে, তুমি তাহা অপসারণ কর; কারণ আমি সেই সত্যব্রহ্মের ভক্ত, তাঁহাকে দর্শন করিতে ইচ্ছা করি; অতএব আবরণ অপনয়ন কর। হে পূষন্, একর্ষে! অদ্বিতীয় তত্ত্বদর্শিন্, হে সংযমন-কারিন্! হে সূর্য্য! হে প্রাজাপত্য! তোমার রশ্মিসমূহ সঙ্কোচিত কর, এবং দৃষ্টিবিঘাতকারী তোমার তেজঃপুঞ্জ অপনয়ন কর; যাহাতে তোমার যেটী সর্ব্বোত্তম কল্যাণময় রূপ (ব্রহ্মরূপ), এই রূপটী দর্শন করিতে পারি। সূর্য্যমণ্ডল মধ্যবর্ত্তী জ্যোতির্ম্ময় পুরুষ যে পরমব্রহ্ম এই বাক্য দ্বারা বিশেষরূপে বলা হইল। সেই ব্রহ্ম হইতেই আমরা তেজোময় জীবন পাইয়াছি, এক্ষণে এই জীবনের সন্ধ্যাকালে আমরা তাঁহার তেজোময় রূপ দর্শন করিতে থাকি আর সেই সময়ে তাঁহার দান আমাদের তেজোময় জীবন তিনি স্বতেজে মিলিত

করিয়া লউন। এই নশ্বর জগতে যেন আর না আসিতে হয়। ইহা অপেক্ষা জীবনের সন্ধ্যাকালে উৎকৃষ্ট প্রার্থনা আর কি হইতে পারে ? ৫

যাজ্ঞবল্ক্য! কিং জ্যোতিরয়ং পুরুষ ইতি, আদিত্যজ্যোতিঃ সম্রাড়িতি হোবাচ, আদিত্যেনৈব জ্যোতিষাস্তে পল্যয়তে, কর্ম্ম কুরুতে বিপল্যেতীত্যেবমেবৈতদ্ যাজ্ঞবল্ক! ১৫৫। বৃহদারণ্যক ৪র্থ অধ্যায়।

জনক যাজ্ঞবল্ক্যকে জিজ্ঞাসা করিলেন, হে যাজ্ঞবল্ক্য! এই হস্তপদাদিযুক্ত ব্যবহারিক পুরুষ কোন জ্যোতির সাহায্যে ব্যবহার সম্পাদন করে ? যাজ্ঞবল্ক্য বলিলেন,—হে সম্রাট্! আদিত্যরূপ জ্যোতির সাহায্যেই এই পুরুষ ব্যবহার সম্পাদন করে,—নানাস্থানে গমন করে তথা হইতে আগমন করে এবং আবশ্যক কর্ম্ম নিষ্পাদন করে। জনক বলিলেন ইহা সত্য। সূর্য্য অস্তমিত হইলে পুরুষ চন্দ্র জ্যোতির সাহায্যে সকল কাজ করে চন্দ্র অস্তমিত হইলে অগ্নি জ্যোতির সাহায্যে পুরুষ কাজ করে এবং এই তিন জ্যোতির অভাব হইলে বাক্যরূপ জ্যোতি দ্বারা পুরুষ সকল কাজ করে। বাক্যের নিবৃত্তি হইলে অর্থাৎ সকল বাহ্য জ্যোতি প্রশমিত হইলে আত্মাই পুরুষের জ্যোতিঃ-স্বরূপ হইয়া থাকেন। পুরুষ তাঁহার সাহায্যেই কাজ করেন। বস্তুতঃ মানুষ আদিত্য-জ্যোতির সাহায্যেই সকল কাজ করেন জনক ও যাজ্ঞবল্ক্যের প্রশ্নোত্তরে ইহা প্রতিপাদন করিবার জন্য প্রথমেই আদিত্য জ্যোতির কথা উক্ত হইয়াছে। প্রায় সকল উপনিষদেই আত্মার প্রাধান্য প্রকাশিত

আছে। এবং যখন আত্মাই শ্রোতব্য মন্তব্য এবং সেই আত্মরূপী ব্রহ্মতেজে আদিত্য ও জ্যোতিষ্মান্, তাই সেই আত্মার স্তুতির জন্যই জনক যাজ্ঞবল্ক্যের উপাখ্যানটী এস্থলে দেওয়া হইয়াছে।

আপ এবেদমগ্র আসুস্তা আপঃ সত্যমসৃজন্ত, সত্যং ব্রহ্ম, ব্রহ্ম প্রজাপতিম্, প্রজাপতি র্দেবাংস্তে দেবাঃ সত্যমেবোপাসতে।

বৃহদারণ্যক ৫।৫।১।

দৃশ্যমান স্থূল পদার্থ সৃষ্টির অগ্রে (পূর্ব্বে) এই জগৎ বাষ্পাকারে পরিণত যজ্ঞাহুতিরূপে ধূমময় বা নীহারিকাময় ছিল। সৃষ্টির পূর্ব্বে বর্ত্তমানব্যক্ত পদার্থ সকলের বীজগুলি অতি সূক্ষ্ম বাষ্পাকারে ছিল। তাহা হইতেই সত্য জ্যোতির্ম্ময় ব্রহ্ম আবির্ভূত হইলেন। ব্রহ্ম হইতে প্রজাপতি বিরাট পুরুষ ব্রহ্মা হইলেন। তিনি দেবগণকে সৃজন করিলেন। সেই দেবগণ সত্যব্রহ্মের উপাসনা করিতে লাগিলেন। ছান্দোগ্যে আছে সেই ব্রহ্ম তেজ সৃজন করিলেন সেই তেজ হইতে জল সৃষ্ট হইল, ইহা পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। আপাত দৃষ্টিতে দুই কথার বিরোধ বোধ হইলেও বস্তুতঃ বিরোধ নাই। জ্যোতির্ম্ময় ব্রহ্মের আবির্ভাব দ্বারাই প্রথমে তেজের সৃষ্টি হইয়াছে। এবং সেই ব্রহ্মতেজের সম্পর্কে (যে তেজ পরে আদিত্যরূপে প্রকাশিত হইয়াছিল) অনেক বাষ্পই জলে পরিণত হইয়াছিল। সুতরাং তেজ হইতে জলের সৃষ্টি যাহা ছান্দোগ্যে আছে তাহার বিরোধ হয় নাই। অর্থাৎ সৃষ্টির প্রারম্ভে তেজও জলাদির সৃষ্টি প্রায় এক সময়েই হইয়াছিল।

পূর্ব্ব হইতে জগৎ জল ও সকল পদার্থের আদি বাষ্পময় ছিল। ব্রহ্মতেজের আবির্ভাবের এক সময়েই অনেক বাষ্প জলে পরিণত হইয়াছিল নিশ্চয়। তাহা হইলে মনুর অপ এব সসর্জ্জাদৌ একথায়ও অসঙ্গতি থাকিল না।

যাহা হউক প্রতীচ্য পণ্ডিতদিগের মতে সৃষ্টির প্রারম্ভে জগৎ বাষ্পময় বা নীহারিকাময় ছিল ইহা পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, তাহারও কতক সামঞ্জস্য হইল। প্রাচ্য উপনিষৎ পড়িয়া প্রতীচ্য পণ্ডিতগণও ঐরূপ অর্থাৎ জগৎ প্রথমে বাষ্পময় ছিল এই মত প্রকাশ করিয়াছেন আমার বোধ হয়।

৮

ছান্দোগ্য-উপনিষদে আছে অন্নময়ং হি সৌম্য ! মনঃ আপোময়ঃ প্রাণঃ। আপঃ পীতা স্ত্রেধা বিধীয়ন্তে তাসাং যঃ স্থবিষ্ঠো ধাতুস্তন্মূত্রং ভবতি, যো মধ্যম স্তল্লোহিতং ভবতি যোঽণিষ্ঠঃ স প্রাণো ভবতি। ষোড়শকলঃ সৌম্য ! পুরুষঃ পঞ্চদশাহানি মাশীঃ কামমপঃ পিবাপোময়ঃ প্রাণো, ন পিবতো বিচ্ছেৎস্যত ইতি (ষষ্ঠ প্রপাঠক) অন্নের বিকার মন ও জলের বিকার জীবন। এই দুটী দ্বারা এই দুটীর শক্তি সুরক্ষিত ও বৃদ্ধিপ্রাপ্ত হয়। শ্বেতকেতুকে তাঁহার পিতা বলিতেছেন,—জল পীত হইয়া তাহার শক্তি তিন প্রকার হয়। পীতজলের স্থূলতম ধাতু মূত্র, মধ্যম রক্ত ও সূক্ষ্মতম ধাতু প্রাণ হয় অর্থাৎ প্রাণের শক্তি বর্দ্ধন করে। হে সৌম্য ! এই পুরুষ (জীব) প্রাণ অপান

ইন্দ্রিয় প্রভৃতি ষোড়শ কলাময়, তুমি ১৫ দিন কিছু অন্নাদি আহার করিও না। তবে ইচ্ছা মত জলপান করিও, কারণ প্রাণ জলময়, জলপান না করিলে উহা বহির্গত হইবে। যখন ১৫ দিন অন্নাদি আহার না করিয়া পিতার আদেশমত প্রাণ রক্ষার্থ কেবল জলপান করিয়া আছেন তখন তাঁহার পিতা আসিয়া শ্বেতকেতুকে বেদাদিশাস্ত্রবিষয়ে জিজ্ঞাসা করিলে তিনি বলিলেন, আমার কিছু মনে নাই। পিতার আদেশে পুনরায় অন্নাদি আহার করিলে মন সবল হইল, তখন তিনি পিতার জিজ্ঞাসিত বিষয়ের যথাযথ উত্তর দিতে পারিলেন। গীতায় আছে জ্যোতিষামপি তজ্জ্যোতিঃ (১৩শ) তিনি (ব্রহ্ম) সূর্য্যাদির জ্যোতিরও জ্যোতিঃ প্রকাশক। শ্বেতাশ্বতর উপনিষদে আছে "তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি।" তাঁহার দীপ্তিদ্বারা এই সকল বস্তু দীপ্তিময়। পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে, প্রাণই আদিত্য। এই প্রাণরূপ আদিত্য সপ্তাশ্বযুক্ত রথে অর্থাৎ সপ্তজ্যোতি যুক্ত দেহরূপ রথে প্রকাশিত হন। এই প্রাণ হইতেই সূর্য্যের জ্যোতিঃ এবং সূর্য্য বাহ্যজগৎরূপ রথে স্বকীয় সপ্তকিরণরূপ অশ্বে বাহিত হইয়া আলোক প্রদান করেন। (ছান্দোগ্য)।

সূর্য্য যে আমাদের জীবন বা জীবনের কারণ সেবিষয়ে অনেক কথা বলিয়াছি। চন্দ্র আমাদের জীবনরক্ষক বৃক্ষলতাদির জীবন, সেজন্য তদ্বিষয়ে ও কিছু বলিব। ধান্যযবাদি হইতে প্রস্তুত যে অন্ন খাইয়া আমরা জীবন ধারণ করি চন্দ্রই সেই ধান্যাদির জীবনদাতা। চন্দ্রের কিরণ প্রভাবে জোয়ার ভাঁটা হওয়ায় সমুদ্রে প্রথমজাত গুল্মাদি তীরে আসিয়া ভূমিতেই জন্ম

গ্রহণ করিতে থাকে এবং সেই গুল্মাদি হইতে আরম্ভ করিয়া ধরার ন্যায় উত্তম আধারে বহুবিধ লতাগুল্ম বৃক্ষাদি উৎপন্ন হয়।

পুরাণমতে সর্ব্বসৃষ্টির কর্ত্তা ব্রহ্মার মানস পুত্র অত্রি, তাঁহার পুত্র সমুদ্র, সমুদ্রের পুত্র সোম বা চন্দ্র। কোন পুরাণ মতে সমুদ্র মন্থন কালে চন্দ্র সমুদ্র হইতে আবির্ভূত হইয়াছিল। চন্দ্রের কিরণে পৃথিবীতে অন্যান্য ওষধি (লতাগুল্মাদি) উৎপন্ন হইতে লাগিল। এইজন্য চন্দ্রের একটি নাম ওষধিপতি। বৈজ্ঞানিক জ্যোতির্বীরা বলেন যে চন্দ্র একটি জড়পিণ্ডময় গ্রহ। নিজের তেজঃ বা আলোক নাই, সূর্য্যের তেজে শক্তিমান্ হইয়া নৈশ অন্ধকার দূর করেন্। য়ুরোপীয় পণ্ডিতদিগের মতে চন্দ্র একটি পৃথিবীর উপগ্রহ বা পারিপার্শ্বিক, সর্ব্বদা পৃথিবীকে পরিভ্রমণ করে। পৃথিবী হইতে চন্দ্রের দূরত্ব প্রায় দুই লক্ষ চল্লিশ হাজার মাইল। জ্যোতিষ্ক তারকামণ্ডল মধ্যে চন্দ্রই পৃথিবীর সর্ব্বাপেক্ষা সমীপবর্ত্তী। কেহ কেহ বলেন, এই পৃথিবী হইতে চন্দ্র উৎপন্ন হইয়াছে। সমুদ্র যখন পৃথিবীর অংশ চন্দ্রও পৃথিবীর খুব সন্নিহিত জ্যোতিষ্ক, তখন পৃথিবী হইতে চন্দ্রের উৎপত্তি কল্পনা নিতান্ত অসঙ্গত নহে।

তেজোময় শরীরস্থিত উদানবায়ুর উৎক্রমণেই প্রাণবায়ু বহির্গত হয় পূর্ব্বেই উক্ত হইয়াছে। ছান্দোগ্যে উৎক্রমণ-প্রণালী এইরূপ ভাবে লিখিত আছে—

মৃত্যুকাল উপস্থিত হইলে পুরুষের বাগিন্দ্রিয় মনে লীন হয়, মন প্রাণে লয় প্রাপ্ত হয়, প্রাণ দৈহিক তেজে মিশিয়া যায়, সেই তেজ আত্মাতে বিলয় প্রাপ্ত হয়। অর্থাৎ মুমুর্ষু ব্যক্তির প্রথমে

বাক্য বন্ধ হয়, পরে মনের চিন্তাশক্তি নষ্ট হয়, তখনও প্রাণের ক্রিয়া স্পন্দনাদি থাকে, তাহা বিলুপ্ত হইয়া গেলে দৈহিক তেজ আত্মাকে আশ্রয় করে। তখন ঐ আত্মা দেহ ত্যাগ করিয়া নির্গত হয়। ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ ও ব্যোম এই পঞ্চভূতের সূক্ষ্মউপাদানে অনুপ্রাণিত প্রাণ, অপান প্রভৃতি পঞ্চপ্রাণ, একাদশ ইন্দ্রিয়ের সহিত মিলিত হইয়া সুষুম্নানাড়ীর দ্বারা উর্দ্ধগামী হয়, তেজোময় উদান-বায়ুও তাহার অনুসরণ করে। ঐ উদান-বায়ু পাপ-পুন্য-কর্ম্মানুসারে জীবকে যথাস্থানে লইয়া যায়। অর্থাৎ শাস্ত্রবিহিতসুকর্ম্মানুসারে সুখস্বর্গ ভোগ করায়, আর পাপ-কার্য্যফলে পশু, পক্ষী প্রভৃতি যোনি পর্য্যন্তও প্রাপ্ত করায়। পাপ পুণ্য সমান থাকিলে উক্ত জীবকে মানুষ জন্মলাভ করাইয়া সুখ-দুঃখ ভোগ করায়। মৃত্যুকালে জীবের চিত্ত যে বিষয়ে আসক্ত থাকে, জীব সেই চিত্তের (বাসনার) সহিত মুখ্য প্রাণকে প্রাপ্ত হয়, মুখ্য প্রাণ ও তেজোময় উদান-বায়ুর সাহায্যে জীবকে সঙ্কল্প ও স্বকার্য্যানুগত লোকে লইয়া যায়। ইহৈব স্বর্গনরকৌ এই সংসারেই স্বর্গ ও নরক, উপনিষৎ ইহা প্রকাশ করিয়া দেখাইলেন। অতিরিক্ত পুণ্যের ফলে জীব জন্মাবধি চিরসুখী হইতে পারে, আবার অতিরিক্ত পাপের ফলে পশুপক্ষী এমন কি তৃণলতাদি পর্য্যন্ত হইয়াও জন্মিতে পারে। মানুষীর গর্ভে মানুষ হইয়া থাকে, বানরীর গর্ভে বানর জন্মগ্রহণ করে ইহা সত্য, (দুএক-ক্ষেত্রে পরমেশ্বরের ইচ্ছায় এ সত্যেরও অন্যথা ভাব দেখা যায়) কিন্তু জীবাত্মা পাপপুণ্য-অনুসারে নানা জীবজন্তু হইয়া জন্মগ্রহণ করে। গীতার ১৫ দশের অষ্টম শ্লোক,—শরীরং

যদবাপ্নোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ। গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ। বায়ু যেরূপ পুষ্প হইতে গন্ধ লইয়া গমন করে, কর্ম্মানুসারে যখন জীব নূতন শরীর লাভ ও পুরাতন শরীর ত্যাগ করে, তখন পূর্ব্ব দেহ হইতে ইন্দ্রিয়-সমুদয় লইয়া গমন করে। আর্য্য-শাস্ত্রোক্ত কর্ম্মফলানুসারে জাতজীবের বোধ ও জ্ঞান শক্তির তারতম্য হয়। 'ভস্মীভূতস্য দেহস্য পুনরাগমনং কুতঃ' যাহারা দেহাতিরিক্ত আত্মা স্বীকার করে না, মদের মদ-শক্তির মত চৈতন্য বা বোধ-শক্তি জড়ের ধর্ম্ম আপনা আপনিই হইয়া থাকে। শরীর উৎপন্ন হইলে কালে জ্ঞানাদিরও উন্মেষ স্বভাবতঃ হয়। জড় পরমাণু হইতে স্বর্ণ, লৌহ প্রভৃতি সকল ধাতু ও অন্যান্য পদার্থ সৃষ্ট হইয়াছে। সৌর তেজবিশেষে বা বৈদ্যুতিক শক্তিতে ঐ সকল বস্তু বিশ্লেষিত হইলে স্বকীয় পূর্ব্ব অণুভাব প্রাপ্ত হয়। তখন যেরূপ উহার মধ্যে energy বা গতিশক্তির আবির্ভাব স্বভাবতঃ হয়। এই জড়ভূতময় দেহেও স্বাভাবিক নিয়মেই চৈতন্য বা বোধ শক্তি জন্মে, ইহার কেহই নিয়োগকর্ত্তা নাই, ইহাই নাস্তিক চার্ব্বাকাদির মত। জ্ঞানের বা চৈতন্যের প্রতি পরমব্রহ্ম পরমেশ্বরকে কারণ না বলিলে আমাদের মন তৃপ্ত হয় না। বিশেষতঃ অনেক-স্থলেই (argument) তর্ক ও পঙ্গু হইয়া পড়ে। শ্রীযুক্ত ডারউইন্ সাহেবের মতে ক্ষুদ্রজীব হইতে ক্রমে বানর ও বন মানুষ উৎপন্ন হইয়া পরে মানুষ হইয়াছে। সমুদ্র হইতে প্রথম জীবন্ত পদার্থ গুল্মাদি যাহা তীরে আসিয়া সজাতীয় জীবন্ত পদার্থের বৃদ্ধি করিতে লাগিল, সেই গুল্মাদি বিভিন্ন জাতীয় লতা ও

বৃক্ষরূপে পরিণত হইয়া ক্রমে ক্ষুদ্র জীব হইতে বড় বড় জীব হইয়াছে ইহা ও কেহ কেহ বলিতে সাহসী হন্। স্বাভাবিক নিয়মে এরূপ হওয়া আশ্চর্য্যের বিষয়। তবে সর্ব্বশক্তিময় পরমেশ্বরকে মানিয়া স্ব স্ব কর্ম্মানুসারে সকল জীব উৎপন্ন হয়, ইহা বলিলে আর কোন গোল থাকে না।

উৎপন্ন সন্তানের মধ্যে পিতামাতার বৈদ্যুতিক শক্তি-বিশিষ্ট তেজের অংশ আছে এবং উহা বাহিরের সৌরতেজঃ দ্বারা অনুপ্রাণিত। এই জন্য সন্তানের আকার, স্বভাব, বুদ্ধি প্রায়ই পিতামাতার মত হইয়া থাকে। ইহার দ্বারা প্রতিপন্ন হইল যে পিতামাতার আংশিক অধ্যাত্মতেজঃ আর অধিদৈবত সৌরতেজ এই দুইটী মিলিত হইয়া সন্তানের মধ্যে বিরাজমান। আবার উক্ত সন্তানের যখন পরে যথাসময়ে সন্তান হয়, তখন সেই পৌত্রতে আদি পুরুষের এক চতুর্থাংশ তেজঃ সৌরতেজের সহিত থাকে। এইরূপ সন্তান অনেক পুরুষ অর্থাৎ ১৪ পুরুষ দূরবর্ত্তী হইলে তখন সেই চতুর্দ্দশ-পুরুষ পরে সেই সন্তানে মূল আদি পুরুষের তেজঃ যৎসামান্য থাকিতেও পারে। ইহা দ্বারা গিল্টনের মতবাদ প্রমাণিত হইল। এবং Mutation theory জীব-বিজ্ঞানে নবজাতীয়ধারা উৎপাদন—মতবাদ অনুসারে নূতন species সজাতীয় ধারার উৎপত্তিও এই মতবাদদ্বারা প্রমাণিত হইতে পারে। কারণ, বংশধারা যত বেশী বিচ্ছিন্ন হইয়া পড়ে এইরূপে পরে এমন সময় আসিতে পারে যখন আদি পুরুষের সহিত নাম ভিন্ন অর্থাৎ 'অমুকের বংশীয় অমুক' ইহার

অতিরিক্ত আত্মিক সম্বন্ধ কিছুই থাকে না। তখন আবার নূতন species বা জাতীয়ধারার উৎপত্তি হয়। এই প্রাণালীকে ঠিক মিউটেসন (নবজাতীয়ধারা উৎপাদনজনিত পরিবর্ত্তন) বলা যায় না। বস্তুতঃ ইহা ক্রমবিকাশেরই একরূপ উদাহরণ। তবে এই নূতন জাতীয় ধারার উৎপত্তি আমরা হঠাৎ উপলব্ধি করি বলিয়া ইহাকে মিউটেসন বলিলেও বিশেষ দোষ হইবে না। যাহা হউক আমাদের পূর্ব্বপুরুষগণ পূর্ব্বে ইহা বুঝিয়া আদি পুরুষের চতুর্দ্দশ পুরুষের পর বিশেষ সম্বন্ধ থাকে না ইহা প্রকাশ করিয়া গিয়াছেন। সুরার মদশক্তির মত জীবের চৈতন্য বা বোধশক্তি স্বভাবতঃ হয়, নাস্তিক জড়বাদী-দিগের এই মত। আস্তিক শ্রদ্ধাশীল পাঠকগণ এই প্রবন্ধের উপনিষদ্ ভাগে ব্রহ্মশক্তির বিষয় পাঠ করিলেই জীবের চৈতন্যাদি বোধশক্তি-তত্ত্ব ভালরূপে উপলব্ধি করিতে পারিবেন।

জীবন বিষয়ে যে গবেষণা লিখিত হইয়াছে তাহা সকল জাতি ও সকল ধর্ম্মাবলম্বী মানবদিগের বিশেষ প্রয়োজনীয়। তাই স্বধর্ম্মবিশ্বাসী সেশ্বরমতবাদী ভ্রাতৃকল্প মুসলমান ও খৃষ্টান-দিগের প্রতি আমার স্বাভাবিক শ্রদ্ধার জন্য বাইবেল ও কোরাণ পাঠ করিয়া দেখিলাম যে সৃষ্টিতত্ত্ব বিষয়ে এই উভয় ধর্ম্মপুস্তকের প্রায় একমত। আমাদের মতের সহিত এই দুইটী মতের অনেক স্থলেই সামঞ্জস্য আছে বলা যাইতে পারে। উপনিষদাদির মতে পরমেশ্বর স্বেচ্ছায় প্রকাশিত হইয়া তেজঃ, আলোক, জল, পৃথিবী সূর্য্য চন্দ্রাদি সকল পদার্থ সৃজন করিলেন। বাইবেল ও কোরাণে প্রায় সেইরূপ লিখিত আছে। ঈশ্বর লেখনী সৃষ্টি

করিয়াছিলেন, এইটুকু অতিরিক্ত আছে মাত্র, পরমেশ্বর সকল ধর্ম্মেই এক। তবে ভিন্ন ভিন্ন ধর্ম্মপ্রচারক ভক্তদিগের ভক্তি বা বিশ্বাস অনুসারে স্থান, কাল ও পাত্র বিবেচনাপূর্ব্বক ঈশ্বরের নাম আচার ব্যবহারাদি এবং ধর্ম্মোপদেশ বিভিন্ন হইয়াছে মাত্র। ঈশ্বরে ভক্ত বা বিশ্বাসী হিন্দু, ও মুসলমান ও খৃষ্টানদিগের ভিন্ন ভিন্ন ধর্ম্মগ্রন্থে সাধারণ সত্য-ধর্ম্মের উপদেশ প্রায় সমান। তাই বাইবেল ও কোরাণ হইতেও কয়েকটী উপদেশ হিন্দুপাঠকদিগকে প্রদান করিতেছি। মহাত্মা যীশুখ্রীষ্ট তাঁহার ভক্তদিগকে বলিয়াছিলেন,—১। ভগবানের নাম বৃথা করিবে না। ২। বিশ্রামদিন পবিত্র ভাবে যাপন করিবে। ৩। প্রতি সপ্তাহে ছয় দিন পরিশ্রম পূর্ব্বক ঐ সময়ের মধ্যে সাংসারিক কার্য্য করিবে। ৪। সপ্তম দিন বিশ্রাম দিন। ভগবান স্বর্গ, মর্ত্ত্যপাতাল ও তৎসহ যাবতীয় সৃষ্টিকার্য্য ছয় দিনে সম্পন্ন করিয়া সপ্তম দিনে রবিবারে বিশ্রাম করিয়াছিলেন। তিনিও যেমন এই দিন পবিত্র রাখিয়াছিলেন তোমরাও তাহাই করিবে। ৫। পিতা-মাতাকে ভক্তি করিবে। ৬। হত্যা করিবে না। ৭। সুচরিত্র থাকিবে, ব্যভিচার করিবে না। ৮। চুরি করিবে না। ৯। কাহার বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিবে না। ১০। অপরের ঘরবাড়ী স্ত্রী বা অন্যান্য সম্পত্তির উপরে লোভ করিবে না। বাইবেলে এইরূপ ভাল উপদেশ অনেক আছে। তবে তাহার কয়েকটী সার উপদেশ মাত্র এখানে দিলাম। Old testament, chap 20 verses 7—17.

পূর্ব্বাভিমুখ হইয়া প্রার্থনা করিলে কিংবা পশ্চিমাভিমুখ হইয়া প্রার্থনা (উপাসনা) করিলেই পুণ্য হয় না। তাঁহারই পুণ্য হয়, যাঁহার ভগবানে এবং শেষের দিনে বিশ্বাস ও ভক্তি আছে। তাঁহারই পুণ্য হয় যাঁহার স্বর্গদূতে ধর্ম্মশাস্ত্রে এবং ভাববাদীদের উপরে বিশ্বাস ভক্তি আছে। তাঁহারই পুণ্য হয় যিনি ভগবানের নামে দান করেন। তাঁহারই পুণ্য হয় যিনি আত্মীয়কে, পিতৃমাতৃহীনকে, অভাবগ্রস্তকে অপরিচিত ব্যক্তিকে এবং বন্দীদিগের মুক্তির নিমিত্ত অর্থপ্রার্থীকে দান করেন। তিনিই পুণ্যাত্মা যিনি সর্ব্বদা ভগবানের উপাসনা ও প্রার্থনায় রত থাকেন এবং যথাশক্তি দান করেন দুঃসময়ে অতি পরিশ্রমে এবং অত্যাচারেও যিনি ধৈর্য্যশীল, তিনিই পুণ্যাত্মা। তিনিই পুণ্যাত্মা যাঁহার অন্তঃকরণ বিশুদ্ধ ও নির্ম্মল, যাঁহার আন্তরিক ভগবানে ভক্তি আছে। Koran, Chap. 2, Translated by George Sale. 1st Edition Page 28). এই পৃথিবী রাজ্য যাঁহার হস্তে (অধীন) তোমার অস্তিত্ব প্রমাণের জন্য যিনি মৃত্যু ও জীবন সৃষ্টি করিয়াছেন যিনি সর্ব্বশক্তিমান্ তিনি ধন্য। যিনি সপ্ত স্বর্গ সৃষ্টি করিয়াছেন, যিনি অসীম শক্তিশালী অথচ ক্ষমাশীল তিনি ধন্য। তুমি সেই দয়ালু পরমেশ্বরের স্বর্গের দিকে বার বার চাহিয়া দেখ তোমার দৃষ্টি বিমুগ্ধ হইবে, তুমি তাঁহার সৃষ্টিতে কোন দোষ দেখিতে পাইবে না। Selection from Koran VI. Translated by S. L. Poole.

(আমার কনিষ্ঠ ভ্রাতৃপ্রতিম কল্যাণীয় শ্রীযুক্ত খাঁ বাহাদুর হিদায়েৎ হোসেন মাদ্রাসাকলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ আমাকে কোরাণ দিয়া সাহায্য করিয়াছিলেন বলিয়া তাঁহাকে আন্তরিক ধন্যবাদ)।

ঈশ্বরে বিশ্বাসীদিগের মধ্যে সকল ব্যক্তিই জীবন ও তৎসংশ্লিষ্ট ইন্দ্রিয়, মন, বোধশক্তি যে তাঁহার ইচ্ছানুসারে হইয়াছে ইহা সানন্দে স্বীকার করিবেন। তবে নাস্তিকদের স্বতন্ত্র কথা। উহাদের কিঞ্চিৎ মতবাদ এই প্রবন্ধে দিয়াছি। এক্ষণে নিরীশ্বর-বাদী পালিগ্রন্থ হইতে সংগৃহীত বুদ্ধদেবের কথা লিখিত হইতেছে।

বুদ্ধদেব তাঁহার ভক্ত শিষ্যদিগকে সম্বোধন করিয়া বলিয়াছেন। "পৃথিবী শূন্যময় বলিতে এইটী বুঝিতে হইবে যে ইহাতে (এই পৃথিবীতে) আত্মা বা আত্মজাতীয় কোন পদার্থ নাই। তাহা হইলে এ শূন্য পদার্থ কি ? এ প্রশ্নের উত্তরে তিনি বলিয়াছেন যে পঞ্চ ইন্দ্রিয় ও পঞ্চ ইন্দ্রিয়ের আধার এবং অনুভব শক্তিযুক্ত মন এই সমস্ত কেবল আছে। আত্মা বলিয়া কোন স্বতন্ত্র পদার্থ নাই। যখন আত্মার অস্তিত্ব নাই, তখন আমি (অহম্ self) চিরস্থায়ী, এই মতবাদটী কি একেবারেই মূর্খ বিজৃম্ভিত অন্তঃসার শূন্য নহে ?" সমুত্তবিকার ৪।৫৪ সুত্তপিঠক ১।৩৩৮

নিরীশ্বরবাদী বুদ্ধদেব নশ্বর দেবতা স্বীকার করিয়াছেন কিন্তু অবিনশ্বর আত্মা বা ঈশ্বরকে স্বীকার করেন নাই। তাঁহার মতে এই জগৎ স্বভাবতঃ সৃষ্ট হইয়াছে। তবে তিনি তাঁহার ভক্ত শিষ্যদিগকে অহিংসা পরোপকার প্রভৃতি পুণ্যকর্ম্ম করিতে সর্ব্বদা উপদেশ দিয়াছেন।

জড়বাদী নাস্তিকদিগের বা প্রকৃতিবাদীদের মতে স্বাভাবিক শক্তিতে দেহমধ্যে বাষ্পাদির সংযোজক সাঙ্গসৌরতেজই জীবন। আবার আস্তিকদিগের মতে পরমব্রহ্ম পরমেশ্বরের ইচ্ছায় বা

অনুপ্রাণনায় সেই সাঙ্গসৌরতেজই বাষ্পাদির সংযোজনপূর্ব্বক জীবনের কারণ হইয়াছেন। উপনিষৎ প্রভৃতি দ্বারাও ইহা সম্পূর্ণরূপে সমর্থিত।

সম্প্রতি,--ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবাঃ!
ভদ্রং পশ্যেমাক্ষভি র্যজত্রাঃ।
স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভিঃ
ব্যশেম দেবহিতং যদায়ুঃ॥

হে দেবগণ! আমরা কর্ণে যেন ভাল কথা শ্রবণ করি, চক্ষুতে যেন উত্তমরূপ দর্শন করি। এবং যজ্ঞশীল ও পরমেশ্বরের স্তুতি পরায়ণ হইয়া সুস্থ অঙ্গে ও সুস্থ শরীরে দেবহিতকর যে আয়ু (জীবন) ভোগ করিতে পারি। পরহিত করিয়া যেন জীবন যাপন করি।

ওঁ শান্তিঃ; শান্তিঃ, শান্তিঃ।

সম্পূর্ণ

A STUDY ON LIFE

I

I cannot enjoy sound sleep at night. Any other person so circumstanced would perhaps have resorted to some kind of narcotic or medicated oil; but, as for myself, this state of sleeplessness gives me great pleasure. Work is the destined aim of human life. The longer I keep awake, the more time I can get to accomplish the work of my life.

It makes me sad to think that, though my life is fast drawing to its close, though I may have soon to leave this world for ever, yet there is nothing great, no work of permanent and durable value, which I might leave behind me as a legacy to the world. I often brood upon this melancholy thought—and it is this which keeps me awake at night.

And yet length of days is not impossible of attainment if I continue in the course of life which I have been following for some time past. A man's death may be entirely within his own control as it was in the case of Bhishma—if only he will walk in the path of purity and exercise due restraint over the appetites and their indulgence. One night, for three hours together, I brooded intently upon this

line of thought, and I prayed with passionate yearning to the Divine Mother, the source of all power and energy, that to me also might be vouchsafed a measure of the same power and force. And then a few nights later, in the deep hours of darkness, a great thought came flooding over my soul Long life and death-at-will might not be impossible to me if I walked in the ways of purity and lived a life of temperance, sobriety and moderation. But how could I save from death the people of my household who might be intemperate and prone to all manner of sensual indulgence ? And as I am a creature of the earth, entangled in the meshes of earthly affection, how could I endure a long and lonely old age if my near and dear ones died before me ? And so I concluded that an early death would be preferable for me. But along with this came the melancholy reflection—how had I wasted the precious hours of life, so that my tree had no bud or blossom to show to the world ! And yet there was consolation in the midst of this sorrow, for I recollected that man is immortalised by his work. There are the great poets of the world—Valmiki, Vedavyasa and Kalidasa in the East, Homer, Dante, Shakespeare in the West, who, being dead, still live in the hearts and minds of men. But great as is their fame, would they live for ever like Newton who discovered the Law of Gravitation ? If men

devote themselves too much to the pleasures of the flesh, if they forsake the paths of virtue and rely wholly upon brute force, Religion will disappear from the face of the Earth, and with Religion will perish Literature. And if these gross, materialistic tendencies persist for a thousand years on end, it is my fear that the names even of Valmiki and Kalidasa will be wiped off from the memories of man ; but the name of Newton will still live and continue to shine. And so I thought—"What should I do that my name might live for a few days in the Books of Life ?"

And so, once again, I betook myself with passionate intensity of thought to the Divine Mother, the source of all energy and power, and, in the lonely hours of night, once again it was borne in upon my mind that I might devote myself to the study and investigation of some great and original theme. But what was I to do ? Even in these latter days, our own Jagadish Chandra, working upon an old vein of thought in Manu, has enriched the world with his treasures of thought and wisdom. But I am an utter ignoramus in all that pertains to Western science and literature, and this sphere of work is not for me. But as I thus brooded upon my thousand deficiencies, something prompted me from within that there was one problem—the problem of problems—the eternal problem of Life—

